দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ বৃহস্পতিবার ॥ ১৪ মে ২০২৬ ॥ ২৫ জিলক্বদ ১৪৪৭ ॥ ৩১ বৈশাখ ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৩৫১ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি
তিনি বললেন, হে পালনকর্তা আমার জন্য কিছু নিদর্শন দাও। তিনি বললেন, তোমার জন্য নিদর্শন হলো এই যে, তুমি তিন দিন পর্যন্ত কারও সাথে কথা বলবে না।
সূরা আল ইমরান ৪০

সব প্রকৌশল বিভাগের রেট শিডিউল এক থাকবে: প্রধানমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক
সব প্রকৌশল ডিপার্টমেন্টের রেট শিডিউল এক থাকবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বুধবার (১৩ মে) ২ এর পাতায় দেখুন

সামাজিক স্থিতিশীলতা রক্ষায় সবাইকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান তথ্যমন্ত্রীর

কীর্তনখোলা ডেস্ক
তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন বলেছেন, দেশের সামাজিক ও রাজনৈতিক স্থিতিশীলতা নিশ্চিত করা আগামী ২ এর পাতায় দেখুন

চামড়ার নতুন দাম নির্ধারণ করলো সরকার

কীর্তনখোলা ডেস্ক
পবিত্র ঈদুল আজহা ঘিরে কুরবানির পশুর দাম নির্ধারণ করেছে সরকার। এ বছর গরুর কাঁচা চামড়ার দর ঢাকার ভেতরে ২ এর পাতায় দেখুন

ধানের রাজনীতি এখন গুলশানকেন্দ্রিক: নাসীরুদ্দীন

কীর্তনখোলা ডেস্ক
জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী বলেছেন, দেশে হাওর অঞ্চলে ধান পানির ২ এর পাতায় দেখুন

ঈদে বরিশাল-ফরিদপুর-কুয়াকাটা মহাসড়কের দুরবস্থা নিয়ে শংকা

কীর্তনখোলা রিপোর্ট
দীর্ঘ অনাবৃষ্টি ও তীব্র তাপপ্রবাহের পর বৈশাখের আগাম বর্ষণে ফরিদপুর-বরিশাল-পটুয়াখালী-কুয়াকাটা জাতীয় মহাসড়কের পরিস্থিতি নাজুক হয়ে পড়েছে। দেশের দক্ষিণাঞ্চলের প্রবেশদ্বার হিসেবে পরিচিত ৮ নম্বর জাতীয় এই মহাসড়কটির ওপর পুরো অঞ্চলের যোগাযোগ ব্যবস্থা নির্ভরশীল হলেও বর্তমানে এটি মরণফাঁদে পরিণত হয়েছে। ফলে আসন্ন ঈদুল আজহার আগে-পরে বাড়ি ফেরা ও কর্মস্থলে ফিরে যাওয়া প্রায় ১০ লাখ মানুষের যাতায়াত এবং পণ্যবাহী যানবাহনের নির্বিঘ্ন চলাচল নিয়ে শংকিত সড়ক ও জনপথ অধিদপ্তরসহ পরিবহন মালিক-শ্রমিকরা। মহাসড়কটির জরাজীর্ণ অবস্থার কারণে প্রতিনিয়ত বাড়ছে দুর্ঘটনার সংখ্যা ও জানমালের ক্ষতি।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, ১৯৬০-৬৬ সালের মধ্যে মাত্র ৫ টন ধারণক্ষমতা সম্পন্ন ও ১২ ফুট প্রশস্ত এই মহাসড়কটি নির্মিত হয়েছিল। গত ৬০ বছরেও এর কোনো পূর্ণাঙ্গ মেরামত বা আধুনিকায়ন হয়নি। ২০১৫ সালে মহাসড়কটি ৬ লেনে উন্নীত করার নীতিগত সিদ্ধান্ত ও এডিবির অর্থায়নে সম্ভাব্যতা সমীক্ষা শেষ হলেও গত এক দশকে কাজের কোনো অগ্রগতি হয়নি। ১,৮৫৪ কোটি টাকার ভূমি অধিগ্রহণ প্রকল্প বর্তমানে সাড়ে ৬ হাজার কোটি টাকায় গিয়ে ঠেকলেও অর্থ সংকটে বিদায়ী সরকার বরিশাল পর্যন্ত বাইপাস নির্মাণের পরিকল্পনা বাদ দিয়ে কাজ আরও পিছিয়ে দেয়। আগামী ৩০ জুনের মধ্যে ভূমি অধিগ্রহণের বাধ্যবাধকতা থাকলেও তা সম্পন্ন হওয়ার সম্ভাবনা ক্ষীণ। ২০২২ সালে পদ্মা সেতু চালুর পর এই রুটে যানবাহনের চাপ অন্তত তিন গুণ বেড়েছে। ১২ ফুট থেকে প্রশস্ত হয়ে বর্তমানে সড়কটি ২৪ ফুট হলেও তা মূলত জোড়াতালি আর ওভার-লে দিয়ে টিকিয়ে রাখা হয়েছে। পায়রা সমুদ্রবন্দর থেকে আসা ৩৫-৪০ টনের বিশাল আকৃতির কন্টেইনারবাহী লং ভেহিকেলগুলো ৫ টন ধারণক্ষমতার এই জরাজীর্ণ সড়ক দিয়ে চলাচলের ফলে বিটুমিনাস কার্পেটিং দ্রুত নষ্ট হচ্ছে। অতিরিক্ত ২ এর পাতায় দেখুন

গুড়িয়ে দেওয়া হলো বিতর্কিত ‘শাহান-আরা পার্ক’

কীর্তনখোলা রিপোর্ট
বরিশালবাসীর দীর্ঘদিনের ক্ষোভ ও ভোগান্তির অবসান হতে যাচ্ছে। বরিশাল-ঢাকা মহাসড়কের বুক চিরে নির্মিত এবং জনস্বার্থ পরিপন্থী হিসেবে বিবেচিত ‘শাহান-আরা পার্ক’ এর অবশিষ্টাংশ গুঁড়িয়ে দিচ্ছে সিটি করপোরেশন। বুধবার (১৩ মে) সকাল ১১টা থেকে বরিশাল সিটি করপোরেশনের (বিসিসি) প্রশাসক অ্যাডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীনের নেতৃত্বে এই উচ্ছেদ অভিযান শুরু হয়। অভিযান চলাকালে বিসিসির প্রধান নির্বাহী কর্মকর্তা মো. রেজাউল বারীসহ প্রশাসনের ঊর্ধ্বতন কর্মকর্তা এবং স্থানীয় বিভিন্ন রাজনৈতিক ও সামাজিক সংগঠনের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। ২০২২ সালের শুরুতে বরিশালের তৎকালীন মেয়র সেরনিয়াবাত সাদিক আব্দুল্লাহ ক্ষমতার প্রভাব খাটিয়ে মহাসড়কের বাই-লেন ও সড়ক বিভাজক দখল করে তার মায়ের নামে এই পার্কটি নির্মাণ করেন। একটি ব্যস্ততম জাতীয় মহাসড়কের মাঝখানে পার্ক নির্মাণের এমন ‘উদ্ভট’ পরিকল্পনা সে সময় দেশজুড়ে বিস্ময় ও তীব্র সমালোচনার জন্ম দিয়েছিল। বিশেষজ্ঞ মহলের আপত্তি উপেক্ষা করেই পার্কটি চালু করা হলে চৌমাথা এলাকায় যানজট এক ভয়াবহ ২ এর পাতায় দেখুন

একনেকে পদ্মা ব্যারেজসহ ৯ প্রকল্পের অনুমোদন

কীর্তনখোলা ডেস্ক
জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় প্রায় ৩৬ হাজার ৬৯৬ কোটি টাকা ব্যয়ের ৯টি প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে। এর মধ্যে সরকারের নিজস্ব অর্থায়ন ৩৬ হাজার ৪৯১ কোটি টাকা এবং সংস্থার নিজস্ব অর্থায়ন প্রায় ২০৫ কোটি টাকা। বুধবার (১৩ মে) সচিবালয়ে অনুষ্ঠিত একনেক সভায় এসব প্রকল্প অনুমোদন দেওয়া হয়। সভায় সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন তারেক রহমান।
২ এর পাতায় দেখুন

হাম ও হামের উপসর্গে আরও ৮ জনের মৃত্যু

কীর্তনখোলা ডেস্ক
সারাদেশে গত ২৪ ঘণ্টায় হাম ও হামের উপসর্গ নিয়ে ৮ জন মারা গেছেন। তাদের মধ্যে একজন হামে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন বলে নিশ্চিত করেছে স্বাস্থ্য অধিদপ্তর। বাকি ৭ জনের মৃত্যু হয়েছে হামের উপসর্গ নিয়ে। বুধবার (১৩ মে) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে এ তথ্য জানানো হয়। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ১৫ মার্চের পর ২ এর পাতায় দেখুন

মাসের দ্বিতীয়ার্ধে ঘূর্ণিঝড় ও তীব্র কালবৈশাখীর শঙ্কা

কীর্তনখোলা ডেস্ক
চলতি মে মাসের দ্বিতীয়ার্ধে বঙ্গোপসাগরে এক থেকে দুটি লঘুচাপ সৃষ্টি হতে পারে বলে জানিয়েছে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর। এরমধ্যে একটি নিম্নচাপ বা ঘূর্ণিঝড়ে রূপ নিতে পারে বলেও আশঙ্কা প্রকাশ করা হচ্ছে। অধিদপ্তরের ঝড় সতর্কীকরণ কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত আবহাওয়াবিদ ড. মো. বজলুর রশিদ এ তথ্য নিশ্চিত করেছেন। চলতি মে মাসে দেশে পাঁচ থেকে আট দিন কালবৈশাখী ও বজ্রঝড় এবং এক থেকে তিন দফা তাপপ্রবাহ বয়ে যেতে পারে বলেও জানিয়েছে আবহাওয়া অফিস। ঢাকার ঝড় সতর্কীকরণ কেন্দ্রে দীর্ঘমেয়াদি আবহাওয়ার পূর্বাভাস প্রদানের লক্ষ্যে গঠিত বিশেষজ্ঞ কমিটির সাম্প্রতিক এক সভার বরাত দিয়ে আবহাওয়া অধিদপ্তরের পরিচালক (চলতি দায়িত্ব) ও কমিটির ২ এর পাতায় দেখুন

পানিতে ডুবে প্রাণ গেলো দুই ভাইয়ের

নাজিরপুর প্রতিনিধি
পিরোজপুরের নাজিরপুর উপজেলায় নানার বাড়িতে বেড়াতে গিয়ে খালে ডুবে দুই ভাইয়ের মৃত্যু হয়েছে। বুধবার (১৩ মে) দুপুর ১টার দিকে উপজেলার ৬ নম্বর নাজিরপুর ইউনিয়নের ছোট আমতলা গ্রামে এ ঘটনা ঘটে। নিহত শিশুর নাম আব্দুর রহমান (৬) ও আবু বক্কর (৪)। তারা পার্শ্ববর্তী নেছারাবাদ উপজেলার দৈহারি ইউনিয়নের ভরতকাঠী গ্রামের মো. মিরাজ শেখের ছেলে। পুলিশ ও স্থানীয়দের থেকে জানা গেছে, আব্দুর রহমান ও আবু বক্কর তাদের মায়ের সঙ্গে দুই দিন আগে নাজিরপুর উপজেলার নাজিরপুর সদর ইউনিয়নের আমতলা গ্রামে নানার বাড়িতে বেড়াতে আসে। স্থানীয়রা জানায়, তাদের নানার বাড়ির পাশেই পুরাতন ২ এর পাতায় দেখুন

মোবাইল টাওয়ারের বিকিরণে ক্ষয়ক্ষতির বিষয়ে প্রতিবেদন দাখিলের নির্দেশ

কীর্তনখোলা ডেস্ক
দেশে স্থাপিত মোবাইল টাওয়ারের বিকিরণের মাধ্যমে কী ধরনের ক্ষয়ক্ষতি হচ্ছে সে বিষয়ে বুয়েটের মাধ্যমে গবেষণা করে প্রতিবেদন দাখিল করতে বিটিআরসিকে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। আদালত বুয়েটের প্রফেসর কামরুল হাসানের রিপোর্ট অনুসারে বাংলাদেশে স্থাপিত মোবাইল টাওয়ারের বিকিরণ থেকে কী ধরনের স্বাস্থ্য ঝুঁকি আছে, তা নির্ণয়ের জন্য তার প্রস্তাবিত মত অনুসারে বিটিআরসিকে একটি প্রজেক্টের
২ এর পাতায় দেখুন

জেলা পর্যায়ের প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের পুরস্কার বিতরণ করেন বরিশাল জেলা প্রশাসক খায়রুল আলম সুমন -কীর্তনখোলা

ইউনূসের বিরুদ্ধে মামলার আবেদনকারী কুকি-চিন এজেন্ট: এক্স-ফোর্সেস

কীর্তনখোলা ডেস্ক
রাজধানীর উত্তরায় মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে বিমান দুর্ঘটনায় অবহেলার অভিযোগ তুলে সাবেক অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসসহ ১৬ জনের বিরুদ্ধে করা মামলার আবেদনকারী উসাইমং মারমাকে কুকি চিন ন্যাশনাল ফ্রন্টের (কেএনএফ) এজেন্ট বলে দাবি করেছে এক্স-ফোর্সেস অ্যাসোসিয়েশন। বুধবার (১৩ মে) দুপুরে রাজধানীর সেগুনবাগিচাস্থ ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে (ডিআরইউ) ‘সশস্ত্র বাহিনীর মর্যাদা, মনোবল ও জাতীয় স্বার্থ রক্ষায় এক্স-ফোর্সেস অ্যাসোসিয়েশন’ আয়োজিত সংবাদ সম্মেলনে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে এ কথা বলেন সংগঠনটির সভাপতি লেফটেন্যান্ট (অব.) সাইফুল্লাহ খান ২ এর পাতায় দেখুন

বরিশালে প্রতিদিন ৯টি ডিভোর্স আবেদন

কীর্তনখোলা রিপোর্ট
বরিশালে আশঙ্কাজনক হারে বৃদ্ধি পাচ্ছে বিবাহবিচ্ছেদ। জেলা রেজিস্ট্রার কার্যালয়ের সর্বশেষ তথ্য অনুযায়ী, শহরে গড়ে প্রতিদিন প্রায় ৯টি করে তালাক বা ডিভোর্স আবেদন জমা পড়ছে। গত তিন বছরের পরিসংখ্যানে দেখা গেছে, নিবন্ধিত বিয়ের তুলনায় বিচ্ছেদের হার উল্লেখযোগ্যভাবে বেশি। ২ এর পাতায় দেখুন

হাতিয়ে নেন ১৫ লাখ টাকা

বিএনপি-যুবলীগ নেতা মিলেমিশে হানি ট্র্যাপ

বাউফল প্রতিনিধি
পটুয়াখালীর বাউফলে হানি ট্র্যাপের মাধ্যমে ব্ল্যাকমেইল করে এক ওষুধ ব্যবসায়ীর কাছ থেকে ১৫ লাখ টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগে তিনজনকে গ্রেফতার করেছে পুলিশ। তারা হলেন বাউফল উপজেলার আদাবাড়ীয়া ইউনিয়ন বিএনপির সিনিয়র সহ-সভাপতি আজাহার খান কবির হোসেন ও যুবলীগ ২ এর পাতায় দেখুন

আমিরাতে ২০ লাখ বাংলাদেশি ঝুঁকির মুখে পড়তে পারে

কীর্তনখোলা ডেস্ক
মধ্যপ্রাচ্য যুদ্ধ চলতে থাকলে উপসাগরীয় শ্রমবাজারে ব্যাপক অনিশ্চয়তা দেখা দেবে। শুধু সংযুক্ত আরব আমিরাতে বসবাসকারী ২০ লাখ বাংলাদেশির জীবন ও জীবিকা ঝুঁকির মুখে পড়তে পারে। বুধবার (১৩ মে) জাতীয় প্রেস ক্লাবে ইরান ও উপসাগরীয় অঞ্চলের চলমান যুদ্ধ পরিস্থিতি : বাংলাদেশি অভিবাসী কর্মীদের ওপর প্রভাব ও করণীয় নিয়ে এক সংবাদ সম্মেলনে এ শঙ্কার কথা জানিয়েছে রেফিউজি অ্যান্ড মাইগ্রেটরি মুভমেন্টস্ রিসার্চ ইউনিট (রামরু)। সংবাদে সম্মেলনে জানানো হয়, যুদ্ধ ২ এর পাতায় দেখুন

হালিমা খাতুন গার্লস স্কুলের সামনে ঝুঁকিপূর্ণ গতিরোধক বাড়ছে দুর্ঘটনার আশঙ্কা

আহমেদ বেলাল
বরিশাল সদর উপজেলার বটতলা এলাকার গোড়াচাঁদ দাস রোডে অবস্থিত হালিমা খাতুন গার্লস স্কুল-এর সামনে নির্মিত একটি গতিরোধক বর্তমানে জনদুর্ভোগের অন্যতম কারণ হয়ে দাঁড়িয়েছে। স্থানীয়দের অভিযোগ, গতিরোধকটি তৈরি করা হলেও সেখানে কোনো ধরনের দাগ টেনে মার্কিং কিংবা সতর্কতামূলক চিহ্ন না দেওয়ায় প্রতিনিয়ত ছোট-বড় যানবাহন দুর্ঘটনার শিকার হচ্ছে। বিশেষ করে মোটরসাইকেল চালকরা সবচেয়ে বেশি বিপদের মুখোমুখি হচ্ছেন। রাতের অন্ধকারে কিংবা দ্রুতগতিতে চলাচলের সময় চালকরা হঠাৎ গতিরোধকটি দেখতে না পেরে নিয়ন্ত্রণ হারিয়ে দুর্ঘটনায় পড়ছেন। এতে আহত হচ্ছেন চালক ও যাত্রীরা। একইসঙ্গে পথচারীরাও চরম ভোগান্তির শিকার হচ্ছেন। স্থানীয় বাসিন্দারা জানান, স্কুলের শিক্ষার্থীদের নিরাপত্তার কথা বিবেচনায় এনে গতিরোধক নির্মাণ করা হলেও যথাযথ সড়ক নির্দেশনা না থাকায় সেটি এখন উল্টো ঝুঁকির কারণ হয়ে দাঁড়িয়েছে। তারা দ্রুত গতিরোধকে সাদা রঙের দাগ, রিফ্লেক্টিভ মার্কিং এবং সতর্কতামূলক সাইনবোর্ড স্থাপনের দাবি জানিয়েছেন। সামান্য সচেতনতা ও সঠিক পরিকল্পনার অভাবে প্রতিদিন ২ এর পাতায় দেখুন



দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর প্রতিনিধি আবশ্যক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।
–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

বিনিয়োগের পরিবেশ প্রয়োজন

দেশের অর্থনীতি রীতিমতো বিপর্যস্ত। নতুন বিনিয়োগ নেই বললেই চলে। ফলে নতুন কর্মসংস্থানও সেভাবে হচ্ছে না, অথচ প্রতিনিয়ত বেড়ে চলেছে কর্মক্ষম জনসংখ্যা। চালু শিল্প-কারখানাগুলোও ধুঁকছে। বহু কারখানা এরই মধ্যে বন্ধ হয়ে গেছে। লাখ লাখ শ্রমিক চাকরি হারাচ্ছে। দীর্ঘ সময় ধরে চলা মূল্যস্ফীতি না কমে আরো বাড়ছে। মানুষের প্রকৃত আয় কমে যাচ্ছে। একই সঙ্গে কমছে ভোক্তার চাহিদা। কমছে উৎপাদনও। আর এই সামগ্রিক নেতিবাচকতার প্রভাব পড়ছে দেশের পুঁজিবাজারে। প্রকাশিত প্রতিবেদনে বলা হয়, সামগ্রিক পরিস্থিতিতে বিনিয়োগকারীরা আস্থা হারাচ্ছে। ফলে পুঁজিবাজারে বিরাজ করছে মন্দাভাব। বিশেষজ্ঞরা বলছেন, এই পরিস্থিতি দীর্ঘায়িত হলে পুঁজিবাজার থেকে বিনিয়োগ তুলে নিয়ে যাওয়ার ঝুঁকি বাড়বে। চলতি অর্থবছরের তৃতীয় প্রান্তিকে বিভিন্ন কম্পানির আর্থিক প্রতিবেদন বিশ্লেষণে দেখা গেছে, তালিকাভুক্ত ৫৪টি কম্পানি নতুন করে লোকসানে পড়েছে। ‘জেড’ ক্যাটাগরিতে অবনমন হওয়া কম্পানির সংখ্যা ১০০ ছাড়িয়েছে, যা বাজারের মোট কম্পানির ২৫ শতাংশ। এমনকি নিরাপদ বিনিয়োগ হিসেবে পরিচিত ব্যাংক খাতও এখন লভ্যাংশ দিতে ব্যর্থ হচ্ছে। এক সময়ের ভালো মৌলভিত্তির কম্পানিও একের পর এক ‘জেড’ ক্যাটাগরিতে নেমে যাচ্ছে। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) সাবেক চেয়ারম্যান ফারুক আহমেদ সিদ্দিকী বলেন, ‘দেশের সামষ্টিক অর্থনীতি বর্তমানে এক কঠিন চ্যালেঞ্জের মুখোমুখি, যার সরাসরি এবং নেতিবাচক প্রভাব আমরা পুঁজিবাজারে লক্ষ করছি। বেশ কয়েক বছর ধরেই দেশের ব্যবসা-বাণিজ্যে এক ধরনের স্থবিরতা বিরাজ করছে। এর সঙ্গে যুক্ত হয়েছে বৈশ্বিক ও অভ্যন্তরীণ নানা প্রতিকূল ফ্যাক্টর, যা শিল্প উৎপাদন থেকে শুরু করে সাধারণ মানুষের জীবনযাত্রাকে বিপর্যস্ত করে তুলেছে। বিনিয়োগকারীদের আস্থার সংকটে থাকা পুঁজিবাজার মূলত অর্থনীতির আয়না। ফলে সামষ্টিক অর্থনীতির সূচকগুলো যতক্ষণ পর্যন্ত ইতিবাচক ধারায় না ফিরবে, ততক্ষণ বাজার থেকে ভালো কিছু আশা করা কঠিন।’ উদ্যোক্তা ও বিশেষজ্ঞরা বলছেন, বৈশ্বিক অস্থিরতার পাশাপাশি অভ্যন্তরীণ অনেক প্রতিকূলতা রয়েছে, যেগুলো মোকাবেলা করে শিল্পপ্রতিষ্ঠানগুলো লাভজনকভাবে চালানো যাচ্ছে না। উৎপাদনমুখীম প্রতিষ্ঠানগুলো জানিয়েছে, এসব চাপের কারণে উৎপাদন ব্যয় উল্লেখযোগ্য হারে বেড়েছে, যা ব্যাবসায়িক কার্যক্রমে নেতিবাচক প্রভাব ফেলেছে। উচ্চ সুদহার, মধ্যপ্রাচ্য যুদ্ধ-পরবর্তী জ্বালানিসংকট ও গ্যাসসংকটে ৩০ শতাংশের বেশি কমেছে উৎপাদন। উচ্চ মূল্যস্ফীতির কারণে বাজার চাহিদা কমে যাওয়ায় বিক্রিতেও নেতিবাচক প্রভাব পড়েছে। পুঁজিবাজার বিশ্লেষক ও আইসিবির চেয়ারম্যান অধ্যাপক আবু আহমেদ বলেন, “উচ্চ সুদের হার, উৎপাদন ও চাহিদা কমে যাওয়ার কারণে দেশের বেসরকারি খাতে ব্যবসা-বাণিজ্য বড় ধরনের চাপের মুখে পড়েছে। এর প্রভাব এখন বহুজাতিক কম্পানিগুলোর আর্থিক প্রতিবেদনেও স্পষ্টভাবে দেখা যাচ্ছে। অনেক কম্পানি লোকসানে পড়েছে, আবার অনেককে ‘জেড’ ক্যাটাগরিতে নামতে হয়েছে। যেসব কম্পানি এখনো প্রবৃদ্ধি ধরে রাখতে পেরেছে, তাদেরও মুনাফা উল্লেখযোগ্যভাবে কমে গেছে।” ডিএসই ব্রোকার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (ডিবিএ) সভাপতি সাইফুল ইসলাম বলেন, ‘পুঁজিবাজারে সবচেয়ে বেশি লভ্যাংশ প্রদানকারী খাত হচ্ছে ব্যাংক ও লিজিং কম্পানি। কিন্তু বর্তমানে এই দুই খাতই সবচেয়ে বেশি সংকটের মধ্যে রয়েছে।’

ধানের রাজনীতি এখন

নিচে তলিয়ে গেছে। যদিও ধান মার্কা বাংলাদেশে ক্ষমতায় আছে। কিন্তু ‘ধানের রাজনীতি’ এখন গুলশানকেন্দ্রিক হয়ে পড়েছে। তিনি বলেন, প্রয়োগিক অর্থে ধানকেন্দ্রিক ব্যবসায়ী সিন্ডিকেট যারা রয়েছেন তাদের পুনর্বাসনের দায়িত্বে প্রধানমন্ত্রী। এখন গুলশানে যারা ব্যবসায়ী, যাদের কাছে টাকা আছে, হাওয়া ভবনে যাদের সঙ্গে যোগাযোগ ছিল তাদের কাছে চলে গেছেন। বুধবার (১৩ মে) দলের কৃষি সেল আয়োজিত ‘ধান কেনার মৌসুমে সরকারি শর্ত ও অসময়ের অতিবৃষ্টিতে কৃষকের হাহাকার: সংকট ও উত্তরণের পথ’ শীর্ষক সেমিনারে এ কথা বলেন তিনি। নাসীরুদ্দীন পাটওয়ারী বলেন, মওলানা ভাসানী দলের মার্কা রেখেছিলেন ধানের শীষ। অবশ্য সেই মার্কা চুরি হয়ে গিয়েছিল। মওলানা ভাসানী বাংলাদেশে কৃষকনির্ভর রাজনীতির সূচনা করেছিলেন। যদি তার এ মার্কাটা ওনার কাছে থাকতো আজকের ধান মার্কা পানির নিচে তলিয়ে যেত না। ‘ধান মার্কা বাংলাদেশে ক্ষমতায় থাকলেও কৃষকের ধান পানির নিচে তলিয়ে গেছে। এখন ধানের রাজনীতি বগুড়া থেকে গুলশানে চলে এসেছে। গুলশানের ব্যবসায়ী ও প্রভাবশালী গোষ্ঠীর কাছেই সেই ক্ষমতা ও অর্থ চলে গেছে।’ তিনি বলেন, কৃষি দেশের জাতীয় নিরাপত্তার গুরুত্বপূর্ণ অংশ। শুধু অস্ত্র বা সামরিক শক্তিই জাতীয় নিরাপত্তার বিষয় নয়, কৃষি খাত অস্থিতিশীল হলে এর সঙ্গে সংশ্লিষ্ট মানুষ নানা ধরনের অনৈতিক কর্মকাণ্ডে জড়িয়ে পড়তে পারেন। ২০২৪ সালের গণঅভ্যুত্থানে শহীদদের বড় একটি অংশ ছিলেন শ্রমজীবী ও কৃষক শ্রেণির মানুষ। তাদের আন্দোলনের অন্যতম আকাঙ্ক্ষা ছিল অর্থনৈতিক সংস্কার ও বৈষম্য দূর করা। এ কারণে দেশের জাতীয় নিরাপত্তার বড় অংশজুড়ে কৃষি ব্যবস্থার স্থিতিশীলতা গুরুত্বপূর্ণ বলে মন্তব্য করেন তিনি।

চামড়ার নতুন দাম

প্রতি বর্গফুট ৬২ থেকে ৬৭ টাকা নির্ধারণ করা হয়েছে। বুধবার (১৩ মে) সচিবালয়ে আয়োজিত এক সভা শেষে বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির এই নতুন দর ঘোষণা করেন। একই সঙ্গে চামড়া সংরক্ষণ নিশ্চিত করতে দেশজুড়ে সরকারি অর্থায়নে বিনামূল্যে লবণ বিতরণের বিশেষ উদ্যোগও নিয়েছে মন্ত্রণালয়। এদিন সচিবালয়ে কুরবানি সম্পর্কিত বিষয়ের সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণ সভা শেষে ব্রিফিংকালে এ বিষয়ে জানান বাণিজ্যমন্ত্রী। বাণিজ্যমন্ত্রী জানান, এ বছর গরুর কাঁচা চামড়ার দর ঢাকার ভেতরে প্রতি বর্গফুট ৬২ থেকে ৬৭ টাকা নির্ধারণ করা হয়েছে। পাশাপাশি ঢাকার বাইরে গরুর কাঁচা চামড়ার প্রতি বর্গফুটের দাম ৫৭ থেকে ৬২ টাকা। এছাড়া সারা দেশে খাসির চামড়ার প্রতি বর্গফুট ২৫-৩০ টাকা এবং সারা দেশে বকরির চামড়ার দাম প্রতি বর্গফুটে ২২ থেকে ২৫ টাকা নির্ধারণ করা হয়েছে। সংবাদ সম্মেলনে বাণিজ্যমন্ত্রী বলেন, কুরবানির পশুর চামড়া যেন নষ্ট না হয় সেজন্য সারা দেশে সরকারি অর্থায়নে বিনামূল্যে লবণ পৌঁছানো হবে। এজন্য ইতিমধ্যে ১৭ কোটি ৬০ লাখ টাকার লবণ কেনা হয়েছে। বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশনের (বিসিক) মাধ্যমে জেলা-উপজেলায় এই লবণ পৌঁছে দেওয়া হবে। সংশ্লিষ্ট ব্যক্তিরা বলছেন, সঠিক সময়ে লবণের সরবরাহ এবং চামড়ার নায্যমূল্য নিশ্চিত করা গেলে চামড়া পাচার রোধ ও জাতীয় অর্থনীতিতে এর সুফল পাওয়া যাবে। মূলত কুরবানিকে ঘিরে চামড়া শিল্পের এই বিশাল কর্মযজ্ঞ সুশৃঙ্খল রাখতেই প্রতি বছরের মতো এবারও আগাম প্রস্তুতি নিয়েছে সরকার।

সামাজিক স্থিতিশীলতা রক্ষায়

দিনের সবচেয়ে বড়ো চ্যালেঞ্জ। অতীতের রাজনৈতিক অস্থিরতা ও বিভাজনের রাজনীতির কারণে দেশে এমন এক সংকটময় পরিস্থিতি তৈরি হয়েছিল যেখানে ধর্মীয় ও শিক্ষামূলক অনুষ্ঠান আয়োজনের পরিবেশও বাধাগ্রস্ত হয়েছিল। বুধবার (১৩ মে) রাজধানীর উত্তরা কমিউনিটি সেন্টারে স্থানীয় সংসদ সদস্য এস এম জাহাঙ্গীর হোসেনের সৌজন্যে আয়োজিত ইসলামিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। মন্ত্রী বলেন, একসময় মাদরাসা শিক্ষার্থীদের পরিচয়, টুপি, দাড়ি কিংবা নামাজ আদায়ের মতো ধর্মীয় অনুশীলনকেও কিছু মহল সন্দেহের চোখে দেখতে শুরু করেছিল, যা বাংলাদেশের দীর্ঘদিনের ধর্মীয় ও সামাজিক সম্প্রীতির সংস্কৃতির পরিপন্থি। তথ্যমন্ত্রী বলেন, যারা ভোটার বিহীনভাবে গণবিচ্ছিন্নভাবে রাষ্ট্র ক্ষমতা দখল করেছিল, তারা জনগণের মধ্যে বিভিন্ন কারণে বিভেদ তৈরি করত। তিনি উল্লেখ করেন, ভোটারবিহীন ও গণবিচ্ছিন্ন শাসনব্যবস্থা জনগণের মধ্যে বিভেদ সৃষ্টিকে রাজনৈতিক কৌশল হিসেবে ব্যবহার করেছিল। ধর্মীয় বিভাজন তৈরির অপচেষ্টা ছিল তার অন্যতম অংশ। তিনি বলেন, বাংলাদেশের মানুষ যুগ যুগ ধরে নানা ধর্ম, বর্ণ ও সংস্কৃতির মধ্যে শান্তিপূর্ণ সহাবস্থানের ঐতিহ্য বহন করে আসছে। ইসলামসহ সকল ধর্মই অন্যের বিশ্বাসকে সম্মান করার শিক্ষা দেয়। তাই সমাজে বিভাজন ও সংঘাত সৃষ্টি করার কোনো সুযোগ নেই। ইসলামিক প্রতিযোগিতার আয়োজন মাদরাসা শিক্ষার্থীদের প্রতিভা, যুক্তিবোধ ও নৈতিক শিক্ষার বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে তথ্যমন্ত্রী আশাবাদ ব্যক্ত করেন। তিনি বলেন, এ ধরনের উদ্যোগ সমাজে ভারসাম্যপূর্ণ ও শান্তিপূর্ণ পরিবেশ প্রতিষ্ঠায় সহায়ক হবে। দেশের অর্থনৈতিক পরিস্থিতি প্রসঙ্গে তথ্যমন্ত্রী বলেন, বিগত সরকারের রেখে যাওয়া বিপুল ঋণ ও অর্থনৈতিক সংকট বর্তমান সরকারের জন্য বড়ো চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। তিনি জানান, প্রায় ৩০ লক্ষ কোটি টাকার ঋণের বোঝা এবং বৈদেশিক ঋণ পরিশোধের চাপ মোকাবিলা করে অর্থনীতিকে পুনরুদ্ধার করতে সময় ও সামাজিক স্থিতিশীলতা প্রয়োজন। তিনি বলেন, আগামী দুই বছর দেশের রাজনৈতিক ও সামাজিক শান্তি বজায় রাখা গেলে অর্থনৈতিক পুনরুদ্ধার সম্ভব হবে। তাই সকল নাগরিককে বিভেদ ও অস্থিরতা সৃষ্টির অপচেষ্টা সম্পর্কে সতর্ক থাকার আহ্বান জানান তিনি। জাতীয় সংসদে গঠনমূলক বিতর্ককে গণতন্ত্রের অংশ উল্লেখ করে মন্ত্রী বলেন, সংসদের বিতর্ক ও মতপার্থক্য যেন কোনোভাবেই রাজপথে সংঘাত বা বিশৃঙ্খলার কারণ না হয় সে বিষয়ে সবাইকে সচেতন থাকতে হবে। ধর্মীয় মূল্যবোধ চর্চাকারীদের সামাজিক স্থিতিশীলতা রক্ষায় গুরুত্বপূর্ণ সহযোগী হিসেবে উল্লেখ করে তিনি বলেন, সমাজে শান্তি, সহমর্মিতা ও সম্প্রীতি বজায় রাখতে আলেম-উলামা ও ধর্মীয় নেতৃবৃন্দ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, স্থানীয় সংসদ সদস্য এস এম জাহাঙ্গীর হোসেন, বায়তুল মোকাররমের খতিব আল্লামা মুফতি আব্দুল মালেক, হাফেজ মাওলানা নাজমুল হাসান কাসেমী।

সব প্রকৌশল বিভাগের

সচিবালয়ের মন্ত্রিসভা কক্ষে প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক সভায় ৩৬ হাজার ৬৯৫ কোটি টাকা ব্যয়ে ৯ প্রকল্পের অনুমোদন দেওয়া হয়। প্রকল্প অনুমোদনের সময় তিনি এই নির্দেশনা দেন। গণপূর্ত অধিদপ্তর, ওয়াসা, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এলজিইডি) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর পৃথক পৃথক রেট শিডিউলে প্রকল্প বাস্তবায়ন করে। সবার রেট শিডিউল এক করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দেন প্রধানমন্ত্রী। সঠিক সময়ে প্রকল্প বাস্তবায়নের পাশাপাশি ব্যয় সাশ্রয়ী হতে বলেছেন প্রধানমন্ত্রী। কয়েক দফা পেছানোর পর অবশেষে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় চূড়ান্ত অনুমোদন পেলো পদ্মা ব্যারাজ প্রকল্প। প্রকল্পের মোট প্রস্তাবিত ব্যয় ৩৩ হাজার ৪৭৪ কোটি ৪৫ লাখ টাকা। দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের নদী, কৃষি ও জীববৈচিত্র্য রক্ষায় দীর্ঘদিনের সংকট নিরসনে বড় উদ্যোগ নিতে যাচ্ছে সরকার। প্রকল্পটি অনুমোদনের সময় আবেগাপ্লুত হন প্রধানমন্ত্রী তারেক রহমান। প্রকল্পটি নিয়ে বাবা জিয়াউর রহমানের স্বপ্নের কথা উল্লেখ করেন তিনি। পদ্মা ব্যারাজ প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে শুষ্ক মৌসুমে পদ্মা নদীর পানি সংরক্ষণ ও নিয়ন্ত্রণ করে স্বাদু পানির প্রবাহ ফিরিয়ে আনার পরিকল্পনা করা হয়েছে। জুলাই ২০২৬ থেকে জুন ২০৩৩ মেয়াদে প্রকল্পটি বাস্তবায়ন করা হবে। একনেক সভায় সংস্কৃতি মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ও রাজবাড়ী-১ আসনের সংসদ সদস্য আলী নেওয়াজ মাহমুদ খৈয়ম বলেন, দীর্ঘ সময় ধরে আমরা পদ্মা ব্যারাজ নিয়ে আন্দোলন করছি। ২০ থেকে ৩০ বছর ধরে পদ্মা ব্যারাজ নিয়ে আমরা আন্দোলন করছি। আমাদের এই অঞ্চলে পানির স্তর নিচে নেমে পড়ছে। প্রকল্পটি বাস্তবায়নের ফলে কৃষি ও মাছ উৎপাদন বৃদ্ধি পাবে। একনেক সভায় ৩৬ হাজার ৬৯৫ কোটি ৭২ লাখ টাকা ব্যয় সম্বলিত ৯টি প্রকল্প অনুমোদন হয়েছে। এর মধ্যে সরকারের নিজস্ব অর্থায়নে ৩৬ হাজার ৪৯০ কোটি ৯৩ লাখ টাকা এবং সংস্থার নিজস্ব অর্থায়ন ২০৪ কোটি ৭৯ লাখ টাকা। আজকের সভায় অনুমোদিত প্রকল্পগুলো হলো- চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন (২য় সংশোধন) প্রকল্প, গণগ্রন্থাগার অধিদপ্তরের বহুতল ভবন নির্মাণ (২য় সংশোধন) প্রকল্প। জেলা শহরে বিদ্যমান মা ও শিশু কল্যাণ কেন্দ্রকে ৩০ শয্যাবিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রে উন্নীতকরণ/পুনর্নির্মাণ (প্রথম ফেজ) প্রকল্প। হাই-টেক সিটি-২ এর সহায়ক অবকাঠামো নির্মাণ (৩য় সংশোধন) প্রকল্প। এছাড়া সরকারি শিশু পরিবার এবং ছোটমনি নিবাস নির্মাণ/পুনঃনির্মাণ (২য় সংশোধন) প্রকল্প, সাভার সেনানিবাসে সৈনিকদের আবাসন সমস্যা নিরসনে ব্যারাক কমপ্লেক্স নির্মাণ, চট্টগ্রাম সিটি আউটার রিং রোড (পতেঙ্গা হতে সাগরিকা) (৫ম সংশোধিত) প্রকল্প, ময়মনসিংহ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎকেন্দ্রে গ্যাস সরবরাহের জন্য ধনুয়া হতে ময়মনসিংহ পর্যন্ত গ্যাস পাইপলাইন নির্মাণ প্রকল্প (১ম সংশোধন) প্রকল্প অনুমোদন করা হয়েছে।

পানিতে ডুবে প্রাণ

খাল ছিল। কয়েকদিন আগে সেটি সরকারিভাবে কাটা হয়। সেখানে মঙ্গলবার শিশুরা তার মায়ের সঙ্গে গোসল করে। আজকে সেই লোভেই হয়তো মায়ের চোখ ফাঁকি দিয়ে তারা দুই ভাই সেই খালে নামে। এদিকে দুপুর থেকে তারা নিখোঁজ থাকায় বাড়ির লোকজন খোঁজাখুঁজি শুরু করে। খোঁজাখুঁজির একপর্যায়ে সেই খালেই তাদের মরদেহ ভেসে ওঠে। পরে তাদের উদ্ধার করে হাসপাতালে নেওয়া হয়। নাজিরপুর ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যান মো. রাসেল সিকদার বলেন, ধারণা করা হচ্ছে, একজন অসাবধানতাবশত নতুন কাটা খালের পানিতে পড়ে গেলে আরেকজন তাকে উদ্ধার করতে গিয়ে পানিতে ডুবে যায়। নাজিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগের ডাক্তার স্নিগ্ধা মিত্র জানান, মৃত অবস্থায় দুই শিশুকে হাসপাতালে আনা হয়েছিল। নাজিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. তরিকুল ইসলাম বলেন, দুর্ঘটনার খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। পরিবারের আবেদনের পরিপ্রেক্ষিতে মরদেহ ময়নাতদন্ত ছাড়া দাফনের অনুমতি দেওয়া হয়েছে।

মাসের দ্বিতীয়ার্ধে ঘূর্ণিঝড় ও তীব্র

চেয়ারম্যান মো. মমিনুল ইসলাম জানান, মে মাসে দেশে স্বাভাবিক বৃষ্টিপাত হতে পারে। তবে বিভিন্ন অঞ্চলে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনাও রয়েছে। বিভাগভিত্তিক পূর্বাভাস অনুযায়ী, সিলেট বিভাগে সবচেয়ে বেশি বৃষ্টিপাত হতে পারে। সেখানে ৫২০ থেকে ৫৪০ মিলিমিটার পর্যন্ত বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে। এছাড়া ময়মনসিংহ বিভাগে ৩৪০ থেকে ৩৬০ মিলিমিটার, চট্টগ্রাম বিভাগে ৩৩০ থেকে ৩৫০ মিলিমিটার, রংপুর বিভাগে ২৬০ থেকে ২৮০ মিলিমিটার এবং ঢাকা বিভাগে ২৫০ থেকে ২৭০ মিলিমিটার বৃষ্টিপাত হতে পারে। বরিশাল বিভাগে ২২০ থেকে ২৫০ মিলিমিটার, রাজশাহী বিভাগে ১৭০ থেকে ১৯০ মিলিমিটার এবং খুলনা বিভাগে ১৬০ থেকে ১৮০ মিলিমিটার বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। চলতি মাসে দেশের বিভিন্ন স্থানে বিক্ষিপ্তভাবে পাঁচ থেকে আট দিন হালকা থেকে মাঝারি ধরনের কালবৈশাখী ও বজ্রঝড় হতে পারে আশঙ্কা করে পূর্বাভাসে বলা হয়, এর মধ্যে ২ থেকে ৩ দিন তীব্র কালবৈশাখীর আশঙ্কা রয়েছে। কোথাও কোথাও শিলাবৃষ্টিও হতে পারে। মে মাসে দিন ও রাতের তাপমাত্রা মোটামুটি স্বাভাবিক থাকতে পারে বলেও এতে উল্লেখ করা হয়েছে। তবে দেশের বিভিন্ন অঞ্চলে এক থেকে তিন দফা মৃদু অথবা মাঝারি তাপপ্রবাহ বয়ে যেতে পারে। এর মধ্যে একটি তীব্র তাপপ্রবাহে রূপ নিতে পারে। ওই সময় তাপমাত্রা ৪০ থেকে ৪১ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত উঠতে পারে। নদ-নদীর পরিস্থিতি সম্পর্কে পূর্বাভাসে বলা হয়, মে মাসে দেশের প্রধান নদ-নদীগুলোতে স্বাভাবিক প্রবাহ বজায় থাকতে পারে। তবে উত্তরাঞ্চল, উত্তর-পূর্বাঞ্চল ও দক্ষিণ-পূর্বাঞ্চলে বিচ্ছিন্ন ভারী বৃষ্টিপাতের কারণে কিছু সময়ের জন্য নদীর পানি সমতল বাড়তে পারে। কৃষি আবহাওয়া সম্পর্কিত পূর্বাভাসে বলা হয়, মে মাসে দেশের দৈনিক গড় বাষ্পীভবন ৩ দশমিক ৫ থেকে ৫ দশমিক ৫ মিলিমিটার এবং গড় সূর্যকিরণকাল সাড়ে ৫ ঘণ্টা থেকে সাড়ে ৭ ঘণ্টা থাকতে পারে। আবহাওয়াবিদদের মতে, বৃষ্টিপাত ও মাটির আর্দ্রতার বর্তমান পরিস্থিতি চলতি মৌসুমের কৃষিকাজের জন্য সহায়ক হতে পারে।

গুঁড়িয়ে দেওয়া হলো বিতর্কিত

রূপ নেয়, যা নগরবাসীর জন্য প্রাত্যহিক ‘মরণফাঁদে’ পরিণত হয়। ২০২৪ সালের ৫ আগস্ট রাজনৈতিক পটপরিবর্তনের পর বিক্ষুব্ধ জনতা ও শিক্ষার্থীরা পার্কটির সিংহভাগ ভেঙে ফেলেছিল। তবে রাস্তার ওপর থাকা ধ্বংসাবশেষ ও অবশিষ্ট স্থাপনার কারণে যান চলাচল ব্যাহত হচ্ছিল। আজ সিটি করপোরেশনের এই উদ্যোগের মাধ্যমে সড়কটি তার আদি ও প্রশস্ত রূপ ফিরে পেতে যাচ্ছে। বিসিসি প্রশাসক বিলকিস আক্তার জাহান শিরীন বলেন, “সড়ক জনগণের চলাচলের জন্য, ব্যক্তিগত বা রাজনৈতিক প্রদর্শনের জন্য নয়। এই পার্কটি নির্মাণের ফলে চৌমাথা এলাকায় যে কৃত্রিম যানজট ও দুর্ঘটনার ঝুঁকি তৈরি হয়েছিল, তা নিরসনে আমরা পুরো এলাকাটি উন্মুক্ত করে দিচ্ছি। নগরবাসীর স্বস্তি ফেরানোই আমাদের অগ্রাধিকার। উপস্থিত স্থানীয়রা এই পদক্ষেপকে স্বাগত জানিয়ে বলেন, “এটি শুধু একটি উচ্ছেদ অভিযান নয় বরং সাধারণ মানুষের অধিকার ফিরে পাওয়ার দিন।” সিটি করপোরেশন কর্তৃপক্ষ জানিয়েছে, উচ্ছেদ পরবর্তী ধাপ হিসেবে দ্রুততম সময়ের মধ্যে সড়কটি সংস্কার করে চলাচলের উপযোগী করা হবে। এর ফলে বরিশাল নগরীর প্রবেশদ্বার হিসেবে পরিচিত চৌমাথা এলাকায় দীর্ঘদিনের যানজট সমস্যার স্থায়ী সমাধান হবে এবং যানবাহন চলাচলে গতি ফিরবে বলে আশা করা হচ্ছে।

মোবাইল টাওয়ারের বিকিরণে

মাধ্যমে গবেষণা করে প্রতিবেদন তৈরি করতে বলেছেন। আদালতে এই প্রতিবেদন আগামী ৬ মাসের মধ্যে দাখিল করতে বলা হয়েছে। এ সংক্রান্ত বিষয়ে শুনানি নিয়ে বুধবার (১৩ মে) হাইকোর্টের বিচারপতি জে বি এম হাসান এবং বিচারপতি আজিজ আহমদ ভূঞার সমন্বয়ে গঠিত বেঞ্চ এ আদেশ দেন। মোবাইল টাওয়ারের বিকিরণের মাধ্যমে মানুষ, পশু, পাখি, গাছপালা ইত্যাদির ক্ষতি হচ্ছে মর্মে মিডিয়ায় রিপোর্ট প্রকাশিত হলে এ সম্পর্কিত রিপোর্ট সংযোজন করে জনস্বার্থে হিউম্যান রাইটস অ্যান্ড পিস ফর বাংলাদেশ একটি রিট দায়ের করে। ২০১৯ সালের ২৫ এপ্রিল হাইকোর্ট শুনানি শেষে রুল যথাযথ করে রায় দেন। আদালত বিটিআরসিকে ফিল্ড সার্ভে করে বর্তমান মাত্রা কতটুকু কমানো যায় সে ব্যাপারে ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেন। আদালত রায়ে জনসমাগম স্থলে অর্থাৎ স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়, আদালত পাড়াসহ বিভিন্ন জায়গায় যাতে এ ধরনের টাওয়ার স্থাপন করা না হয়, গাইডলাইনে তা অন্তর্ভুক্ত করার কথা বলে। আদালতের রায়ের পরে বিটিআরসি কর্তৃক একটি কমিটি করে একইভাবে আগের মাত্রা বহাল রাখার প্রতিবেদন দাখিল করে। জবাবে এইচআরপিবির পক্ষে উক্ত প্রতিবেদনের বিষয়ে আপত্তি তুলে বলা হয় পার্শ্ববর্তী ভারতসহ বিভিন্ন দেশে উক্ত বিকিরণের মাত্রা ১০ ভাগের এক ভাগ করার যে ব্যবস্থা প্রচলিত আছে, সে অনুসারে বাংলাদেশেও মোবাইল টাওয়ারগুলোতে মাত্রা কমানোর আবেদন জানানো হয়। এ ব্যাপারে বুয়েটের বিশেষজ্ঞদের মতামত শোনার আবেদন জানান হয়। পরে ২০২৪ সালের ২৮ ফেব্রুয়ারি আদালত এক আদেশে বিশেষজ্ঞ মতামত শুনতে আদেশ দেন।

হাম ও হামের উপসর্গে

থেকে এ পর্যন্ত হামে ৬৯ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে সন্দেহভাজন হামজনিত মৃত্যুর সংখ্যা ৩৬৩ জন। ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত নিশ্চিত হামে আক্রান্ত হয়েছেন ৭ হাজার ১৫০ জন। একই সময়ে সন্দেহভাজন হামে আক্রান্তের সংখ্যা ৫৩ হাজার ৫৬ জন। এখন পর্যন্ত হাম সন্দেহে হাসপাতালে ভর্তি হয়েছেন ৩৮ হাজার ৫৪ জন এবং সুস্থ হয়ে হাসপাতাল থেকে ছাড়া পেয়েছেন ৩৩ হাজার ৮৩২ জন।

একনেকে পদ্মা ব্যারেজসহ

অনুমোদিত প্রকল্পগুলোর মধ্যে নতুন রয়েছে ৩টি, সংশোধিত প্রকল্প ৫টি এবং মেয়াদ বৃদ্ধি করা হয়েছে একটি প্রকল্পের। সভায় উপস্থিত ছিলেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর, অর্থ ও পরিকল্পনা মন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ, বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদিরসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারা। অনুমোদিত প্রকল্পগুলোর মধ্যে রয়েছে চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন, গণগ্রন্থাগার অধিদপ্তরের বহুতল ভবন নির্মাণ, জেলা শহরে মা ও শিশু কল্যাণ কেন্দ্র উন্নীতকরণ, হাই-টেক সিটি-২ এর সহায়ক অবকাঠামো নির্মাণ এবং সরকারি শিশু পরিবার ও ছোটমনি নিবাস পুনর্নির্মাণ প্রকল্প। এছাড়া সাভার সেনানিবাসে সৈনিকদের আবাসন সমস্যা নিরসনে ব্যারাক কমপ্লেক্স নির্মাণ, চট্টগ্রাম সিটি আউটার রিং রোড প্রকল্প, পদ্মা ব্যারেজের প্রথম পর্যায় এবং ময়মনসিংহ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎকেন্দ্রে গ্যাস সরবরাহের জন্য পাইপলাইন নির্মাণ প্রকল্পও অনুমোদন পেয়েছে। সভায় ৫০ কোটি টাকার কম ব্যয়ের আরো দুটি প্রকল্প সম্পর্কে একনেক-কে অবহিত করা হয়। এগুলো হলো ময়মনসিংহ জিলা স্কুলের অবকাঠামো উন্নয়ন এবং বিমানবাহিনী ঘাঁটি কুর্মিটোলায় বিমানসেনা ব্যারাক কমপ্লেক্স নির্মাণ প্রকল্প।

ঈদে বরিশাল-ফরিদপুর-কুয়াকাটা

তাপমাত্রায় বিটুমিন গলে যাওয়া এবং সাম্প্রতিক অতি বর্ষণে সড়কটি এখন অত্যন্ত ঝুঁকিপূর্ণ। ঢাকা থেকে ভাংগা পর্যন্ত ৬৫ কিলোমিটার এক্সপ্রেসওয়ে পাড়ি দিতে যেখানে মাত্র ৫০-৫৫ মিনিট সময় লাগে, সেখানে ৯১ কিলোমিটার দূরের বরিশাল পৌঁছাতে বর্তমানে ৩ থেকে সাড়ে ৩ ঘণ্টা সময় লাগছে। অপ্রশস্ত ও উঁচু-নিচু এই মহাসড়কে আসন্ন ঈদুল আজহায় দক্ষিণাঞ্চলের ৬টি জেলা ও ৪২টি উপজেলার মানুষের ভোগান্তি চরমে পৌঁছাবে বলে আশঙ্কা করা হচ্ছে। ৬ লেনে উন্নীতকরণের নীতিগত সিদ্ধান্ত গ্রহণের ১০ বছর পার হলেও কবে নাগাদ বাস্তব কাজ শুরু হবে, তা সড়ক অধিদপ্তরের ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছেও অজ্ঞাত। দাতা প্রতিষ্ঠানের চাহিদার দুই বছর পেরিয়ে গেলেও নতুন ‘পথ নকশা’, ‘প্রকল্প সারপত্র’ এবং ‘দরপত্র দলিল’ তৈরির কাজেও তেমন অগ্রগতি নেই। ফলে যথাযথ মেরামত ও সরকারি উদাসীনতায় দক্ষিণাঞ্চলের সবচেয়ে গুরুত্বপূর্ণ এই মহাসড়কটির ভবিষ্যৎ নিয়ে অন্ধকার দেখছেন পরিবহন বিশেষজ্ঞ ও সাধারণ মানুষ।

আমিরাতে ২০ লাখ বাংলাদেশি

চলতে থাকলে উপসাগরীয় শ্রমবাজারে ব্যাপক অনিশ্চয়তা দেখা দেবে। এই সংঘাত উপসাগরীয় অঞ্চলজুড়ে ব্যবসায় ব্যাপক বিঘ্ন ঘটিয়েছে। সৌদি আরবের ভিশন ২০৩০ মেগাপ্রকল্পগুলো-যার মধ্যে রয়েছে নিওম (৫০০ বিলিয়ন ডলার), রেড সি ট্যুরিজম ডেভেলপমেন্ট এবং কিদ্দিয়া এন্টারটেইনমেন্ট সিটি-বাংলাদেশের নির্মাণ ও পরিষেবা খাতের কর্মীদের জন্য বৃহৎ পরিসরে দীর্ঘমেয়াদী কর্মসংস্থান সৃষ্টি করবে বলে আশা করা হয়েছিল। রামরু বল?ছে, বিনিয়োগকারীদের আস্থার পতন, ব্যয় বৃদ্ধি বা সরাসরি অবকাঠামোগত ক্ষতির কারণে এই প্রকল্পগুলো ব্যাহত হলে প্রত্যাশিত কর্মসংস্থানের সুযোগগুলো বিলুপ্ত হয়ে যাবে। রামরু আরও জানায়, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের পক্ষ নিয়ে সংযুক্ত আরব আমিরাতও এই যুদ্ধে গভীরভাবে জড়িয়ে পড়ায় ইরানের প্রতিশোধমূলক হামলার শিকার হওয়ার প্রবল সম্ভাবনা রয়েছে। এর ফলে সংযুক্ত আরব আমিরাতে বসবাসকারী ২০ লাখ বাংলাদেশির জীবন ও জীবিকা ঝুঁকির মুখে পড়তে পারে। রামরু জানায়, চলাচলে ব্যাঘাত ঘটায় খোদ অভিবাসন কর্মী নিয়োগ প্রক্রিয়ার মধ্যেই একটি দ্বিতীয় সংকট সৃষ্টি হয়েছে। কর্মী নিয়োগে বিলম্ব বা বাতিলের ক্ষেত্রে নিয়োগ খরচ পরিশোধ নিয়ে এজেন্ট এবং সম্ভাব্য অভিবাসী কর্মীদের মধ্যে বিরোধ দেখা দিচ্ছে। সংঘাত অব্যাহত থাকলে এই প্রবণতা আরও তীব্র হবে বলে আশঙ্কা করা হচ্ছে। সংবাদ সম্মেলনে সরকা?রের কিছু ঘাটতির কথা তুলে ধরা হয়েছে। তাতে বলা হ?য়ে?ছে, সংঘাত-সম্পর্কিত আঘাত, চাকরি হারানো বা জোরপূর্বক প্রত্যাবর্তনের জন্য কোনো নির্দিষ্ট সংকট প্রতিক্রিয়া তহবিল নেই। বাতিল হওয়া যাত্রা, আটকে পড়া অভিবাসী বা প্রত্যাবর্তনের প্রবাহের জন্য কোনো রিয়েল টাইম পর্যবেক্ষন ড্যাশবোর্ড নেই। রামরু বল?ছে, কোনো সুস্পষ্টভাবে বর্ণিত, জনসমক্ষে প্রচারিত সমন্বিত প্রতিক্রিয়া পরিকল্পনা নেই। ইরান বা উপসাগরীয় অঞ্চল থেকে প্রত্যাবর্তনকারীদের জন্য সংঘাত-নির্দিষ্ট কোনো পুনঃএকত্রীকরণ মডিউল নেই। যে সব কর্মী আয় হারিয়েছেন কিন্তু এখনও ফিরতে পারছেন না, তাদের জন্য আগে থেকে প্রস্তুত কোনো জরুরি খাদ্য, স্বাস্থ্যসেবা বা আশ্রয়ের ব্যবস্থা নেই। রামরু আরও জানায়, গৃহকর্মীরা যারা সবচেয়ে বিচ্ছিন্ন এবং ঝুঁকিপূর্ণ হোয়াটসঅ্যাপ-গ্রুপ ভিত্তিক সংকটকালীন যোগাযোগের আওতায় নেই। ফ্লাইটের টিকিটের পূর্বশর্তের কারণে প্রবাসী কল্যাণ ব্যাংকের ঋণ বিতরণ কার্যত বন্ধ রয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সাবেক অধ্যাপক ও রামরুর প্রতিষ্ঠাতা চেয়ার ড. তাসনিম সিদ্দিকী বলেন, যুদ্ধকালীন পরিস্থিতিতে প্রবাসী কর্মীদের সহায়তার জন্য সরকারের বাজেটে আলাদা একটি লাইন থাকা উচিত। এই ধরনের সংকটে দ্রুত সহায়তা নিশ্চিত করতে একটি নির্দিষ্ট তহবিল বা বাজেট কাঠামো থাকা প্রয়োজন, যা রাষ্ট্রীয়ভাবে পরিচালিত হবে। তিনি বলেন, যুদ্ধ বা সংকটকালীন পরিস্থিতিতে বিভিন্ন দেশে আটক বা সাজাপ্রাপ্ত প্রবাসীদের ক্ষেত্রে অতীতে দেখা গেছে সংকটের সময় অনেককে মুক্তি দিয়ে দেশে ফেরত পাঠানো হয়েছে। উদাহরণ হিসেবে কোভিড-১৯ মহামারির সময় কারাগার থেকে অনেক বন্দিকে মুক্তি দিয়ে নিজ দেশে ফেরত পাঠানোর ঘটনাও উল্লেখ করেন তিনি।

বিএনপি-যুবলীগ নেতা

নেতা রাসেল তালুকদারসহ তিনজন। মঙ্গলবার (১২ মে) রাতে পটুয়াখালী শহরের বনানী এলাকা থেকে তাদের আটক করা হয়। পরে জিজ্ঞাসাবাদ ও বিভিন্ন তথ্য-প্রমাণের ভিত্তিতে তাদের গ্রেফতার দেখানো হয়। পুলিশ জানায়, অভিযুক্তরা পরিকল্পিতভাবে হানি ট্র্যাপের ফেলে এক ওষুধ ব্যবসায়ীকে ব্ল্যাকমেইল করে তার কাছ থেকে প্রায় ১৫ লাখ টাকা হাতিয়ে নেন। পরবর্তীতে আরও টাকা দাবি করলে বিষয়টি আইন-শৃঙ্খলা বাহিনীর নজরে আসে। পটুয়াখালী সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মনিরুজ্জামান জানান, গোপন সংবাদের ভিত্তিতে বনানী এলাকায় অভিযান চালিয়ে হানি ট্র্যাপ চক্রের সদস্যদের আটক করা হয়। এসময় তাদের কাছ থেকে হানি ট্র্যাপ সংক্রান্ত বিভিন্ন আলামত ও তথ্য-প্রমাণ উদ্ধার করা হয়েছে। তিনি আরও বলেন, আটক ব্যক্তিরা একজন চাকরিজীবীর কাছ থেকেও বিপুল পরিমাণ টাকা হাতিয়ে নিয়েছেন বলে প্রাথমিক তদন্তে তথ্য পাওয়া গেছে। এ ঘটনায় আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন।

হালিমা খাতুন গার্লস স্কুলের

মানুষ দুর্ভোগ পোহাচ্ছে। বিশেষ করে সন্ধ্যা ও রাতের সময়ে দুর্ঘটনার আশঙ্কা কয়েকগুণ বেড়ে যায়। স্থানীয় সচেতন মহল মনে করছে, বরিশাল সিটি করপোরেশনের উচিত দ্রুত বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। সময়মতো কার্যকর পদক্ষেপ নেওয়া না হলে বড় ধরনের দুর্ঘটনার আশঙ্কা রয়েছে বলেও জানান তারা।

বরিশালে প্রতিদিন ৯টি

বিশেষ করে নারীরা তালাকের আবেদনকারীদের মধ্যে এগিয়ে রয়েছেন বলে জানানো হয়েছে। বরিশাল জেলা রেজিস্ট্রার কার্যালয় সূত্রে জানা যায়, ২০২৩, ২০২৪ ও ২০২৫ সালে মোট ৩২ হাজার ১৩টি বিয়ে নিবন্ধিত হয়েছে। একই সময়ে বিচ্ছেদ হয়েছে ১০ হাজার ৭৩৮টি। পরিসংখ্যান অনুযায়ী, ২০২৩ সালে ৯ হাজার ৬৬৬টি বিয়ের মধ্যে ৩ হাজার ৫টি বিচ্ছেদ ঘটে। ২০২৪ সালে ৮ হাজার ৯৭৮টি বিয়ের বিপরীতে ৩ হাজার ৩৪৭টি সংসার ভেঙে যায়। আর ২০২৫ সালে ১৩ হাজার ৩৬৯টি বিয়ের মধ্যে বিচ্ছেদ হয়েছে ৪ হাজার ৩৮৬টি। এই পরিসংখ্যান বরিশালের সামাজিক বাস্তবতায় একটি বড় পরিবর্তনের ইঙ্গিত দিচ্ছে বলে মনে করছেন সংশ্লিষ্টরা। বিশেষজ্ঞদের মতে, পারিবারিক কাঠামো দুর্বল হয়ে পড়া, মানসিক দূরত্ব বৃদ্ধি এবং অর্থনৈতিক চাপ বিবাহবিচ্ছেদের অন্যতম প্রধান কারণ হিসেবে সামনে আসছে। স্থানীয় সমাজ বিশ্লেষকদের মতে, দাম্পত্য জীবনে মানসিক অমিল, পারস্পরিক অবিশ্বাস, উচ্চাভিলাষী জীবনযাপনের আকাঙ্ক্ষা এবং অর্থনৈতিক অস্থিতিশীলতা সম্পর্ক ভাঙনের প্রধান কারণ হয়ে উঠছে। পাশাপাশি সামাজিক যোগাযোগমাধ্যমে পরিচয়ের মাধ্যমে বিয়ে এবং পরবর্তীতে সম্পর্ক টিকিয়ে রাখতে ব্যর্থ হওয়ার ঘটনাও বাড়ছে। বরিশাল নগরীর নথুল্লাবাদ এলাকায় সম্প্রতি এক ব্যবসায়ী পারিবারিক কলহের জেরে কীটনাশক পান করে আত্মহত্যার চেষ্টা করেন। পরে তিনি সুস্থ হয়ে ওঠেন। এ ধরনের ঘটনা দাম্পত্য জীবনের মানসিক চাপকে আরও স্পষ্ট করে তুলছে। এ ছাড়া যৌতুক দাবি, শারীরিক ও মানসিক নির্যাতন, পরকীয়া এবং অনলাইন জুয়া ও মাদকের আসক্তিও বিচ্ছেদের অন্যতম কারণ হিসেবে উঠে এসেছে। অনেক নারী অভিযোগ করেছেন, স্বামীর বেকারত্ব ও মাদকাসক্তি তাদের সংসার ভাঙনের দিকে ঠেলে দিয়েছে। অন্যদিকে কিছু ক্ষেত্রে স্ত্রীর গুরুতর শারীরিক অসুস্থতার কারণেও স্বামীর পক্ষ থেকে সম্পর্ক ছিন্ন করার ঘটনা ঘটছে। সমাজে আরেকটি নতুন প্রবণতা হিসেবে দেখা যাচ্ছে সামাজিক যোগাযোগমাধ্যমভিত্তিক প্রেম-বিয়ে। অনেক ক্ষেত্রে দ্রুত সিদ্ধান্তে বিয়ে হলেও বাস্তব জীবনের দায়িত্ব ও বোঝাপড়ার অভাবে তা টিকছে না। ফলে অল্প সময়েই সম্পর্ক ভেঙে যাচ্ছে। বরিশাল নগরীর কাশিপুর এলাকার এক ঘটনাও সামাজিক আলোচনায় এসেছে, যেখানে পারিবারিক বিরোধ ও আর্থিক উচ্চাকাঙ্ক্ষার কারণে একটি নবদম্পতির সম্পর্ক ভেঙে যায়। একইভাবে নগরীর ৩০ নম্বর ওয়ার্ডে এক তরুণীর ক্ষেত্রে স্বামীর পরিবারে আর্থিক চাপ ও অসুস্থতার কারণে সম্পর্কের অবনতি ঘটে এবং গোপনে তালাক দেওয়া হয়। বাংলাদেশ মহিলা পরিষদ বরিশাল শাখার সভাপতি প্রফেসর শাহ সাজেদা বলেন, বিবাহ এখন অনেক ক্ষেত্রে শুধু আইনি ও আর্থিক সম্পর্কের মধ্যে সীমাবদ্ধ হয়ে পড়েছে। পারস্পরিক বোঝাপড়া ও মূল্যবোধের অভাবে সংসার ভাঙছে, যার প্রভাব পড়ছে সন্তান ও সমাজে। তিনি আরও বলেন, অনেকেই বাস্তব জীবনের চ্যালেঞ্জ মোকাবিলায় প্রস্তুত না হয়ে সংসারে প্রবেশ করছেন, ফলে ছোটখাটো সমস্যাও বড় সংকটে রূপ নিচ্ছে। অন্যদিকে ব্লাস্ট বরিশাল কো-অর্ডিনেটর অ্যাডভোকেট শাহিদা বেগম বলেন, ধর্মীয় ও সামাজিক অনুশাসন থেকে দূরে সরে যাওয়ার প্রবণতা বিচ্ছেদের হার বাড়াচ্ছে। বরিশাল নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের পাবলিক প্রসিকিউটর অ্যাডভোকেট আব্দুল মান্নান মৃধা জানান, বিচ্ছেদ সংক্রান্ত মামলার সংখ্যা প্রতিনিয়ত বাড়ছে। অধিকাংশ মামলায় বিবাহবহির্ভূত সম্পর্কের অভিযোগ পাওয়া যাচ্ছে। বরিশাল জেলা রেজিস্ট্রার মো: মোহছেন মিয়া বলেন, সাম্প্রতিক তিন বছরের বিশ্লেষণে দেখা গেছে তালাকের আবেদনকারীদের মধ্যে নারীর সংখ্যা বেশি। তিনি আশঙ্কা প্রকাশ করেন, ২০২৬ সালে এই প্রবণতা আরও বাড়তে পারে।

ইউনূসের বিরুদ্ধে মামলার

সাইফ। মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে বিমান দুর্ঘটনায় মামলার আবেদন বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, মামলাটা কত মাস পরে করা হয়েছে? মামলা করেছে কে? আপনি (সাংবাদিক) তার নাম জানেন? উসাইমং মারমা। আমি আপনাকে একটু বলবো, পারসোনালি অনুরোধও করবো উসাইমং মারমা কে, তার ব্যাকগ্রাউন্ড কী, সে কোথায় থাকে, উনার সম্পর্কে একটু খোঁজ-খবর নেন। আমি ক্লু দিলাম এতটুকুই। সাইফুল্লাহ খান সাইফ বলেন, কিছুদিন আগেও সন্তু লারমার স্ত্রী কানাডায় একটা কনফারেন্স করেছে। ওইখানে সে মিথ্যা তথ্য ও বিভ্রান্তিকর তথ্য দিয়ে সশস্ত্র বাহিনী পাহাড়ে এই হয়েছে ওই হয়েছে বলেছে। এটা হলো (মামলার আবেদনকারী) কুকি-চিন এই যে তারা আছে, এদেরই একটা এজেন্ট, মানে অংশ। আমি শুধু এতটুকু ক্লু দিলাম, বাকিটা আপনি আরও ভালো ইনভেস্টিগেটিভ জার্নালিস্ট আই থিংক সো, আপনি আরও ভালো বের করতে পারবেন। কুকি চিন ন্যাশনাল ফ্রন্ট (কেএনএফ) হলো পার্বত্য চট্টগ্রামে সক্রিয় একটি নিষিদ্ধ জাতিগত সশস্ত্র বিচ্ছিন্নতাবাদী সন্ত্রাসী সংগঠন। কুকি-চিন পার্বত্য চট্টগ্রামে জামায়াতুল ইসলামী আনসার ফিল হিন্দাল শারক্বিয়াকে প্রশিক্ষণ প্রদান করে। ২০২৩ সালের ১১ থেকে ১৭ জানুয়ারি পর্যন্ত বান্দরবান জেলা প্রশাসন জেলার নিরাপত্তা বাহিনীর কেএনএ বিরুদ্ধে অভিযানের কারণে জেলার পর্যটকদের নিষিদ্ধ করেছিল। কুকি-চিনের বিরুদ্ধে অভিযান চালাতে গিয়ে সশস্ত্র বাহিনীর একাধিক কর্মকর্তা প্রাণ হারিয়েছেন, আহত হয়েছেন অনেকে। গত ৭ মে সাবেক অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূসসহ ১৬ জনের বিরুদ্ধে করা মামলার আবেদন খারিজ করে দেয় আদালত। বিমানবাহিনীর সঙ্গে ‘চরমপন্থাকে’ জড়ানো এই ষড়যন্ত্রের অংশ বলে উল্লেখ করেন সাইফুল্লাহ খান।

গৌরনদীতে সাংবাদিকদের সঙ্গে পল্লী বিদ্যুতের ডিজিএমের মতবিনিময় সভা

গৌরনদী প্রতিনিধি

বরিশালের গৌরনদীতে বুধবার সকালে গৌরনদীর ঐতিহ্যবাহী প্রেসক্লাব মিলনায়তনে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভা করেছেন গৌরনদী পল্লী বিদ্যুৎ সমিতির ডেপুটি জেনারেল ম্যানেজার (ডিজিএম) প্রকৌশলী এ. হালিম খান। সভায় বিদ্যুৎ সেবার মানোন্নয়ন, গ্রাহকসেবা সম্প্রসারণ এবং চলমান বিভিন্ন সমস্যা ও সম্ভাবনা নিয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। গৌরনদী প্রেসক্লাবের সভাপতি ও সিনিয়র সাংবাদিক জহুরুল ইসলাম জহিরের সভাপতিত্বে উপস্থিত ছিলেন মাই টিভির গৌরনদী প্রতিনিধি ও প্রেসক্লাবের সাবেক সভাপতি গিয়াসউদ্দিন মিয়া, দৈনিক সমকাল পত্রিকার গৌরনদী প্রতিনিধি ও গৌরনদী প্রেসক্লাবের সাবেক সভাপতি খন্দকার মনিরুজ্জামান জামান, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক জুলফিকার, কোষাধ্যক্ষ জামিল হাসানসহ প্রেসক্লাবের অন্যান্য সদস্যরা। সভায় ডিজিএম প্রকৌশলী এ. হালিম খান বিদ্যুৎ বিভাগের চলমান কার্যক্রম, গ্রাহকসেবার মানোন্নয়ন এবং বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থার বিভিন্ন সমস্যা ও চ্যালেঞ্জ নিয়ে সাংবাদিকদের সঙ্গে খোলামেলা আলোচনা করেন। তিনি বলেন, গ্রাহকদের নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবা নিশ্চিত করতে গৌরনদী পল্লী বিদ্যুৎ সমিতি আন্তরিকভাবে কাজ করে যাচ্ছে। তিনি আরও বলেন, বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার বিভিন্ন কারিগরি সীমাবদ্ধতা, লো-ভোল্টেজ, অতিরিক্ত লোড, ঝড়-বৃষ্টি ও প্রাকৃতিক দুর্যোগজনিত কারণে অনেক সময় সাময়িক সমস্যা সৃষ্টি হয়। এসব সমস্যা দ্রুত সমাধানে সংশ্লিষ্ট কর্মকর্তারা নিয়মিত কাজ করছেন বলেও জানান তিনি। ডিজিএম প্রকৌশলী এ. হালিম খান গ্রাহক সেবার সংশ্লিষ্ট সমস্যাগুলো দ্রুত সমাধানের এবং জনগণের ভোগান্তি কমাতে সমন্বিত উদ্যোগ গ্রহণের আশ্বাস দেন।

ঘুস নেয়ায় আগৈলঝাড়া থানার

এসআই মনির হোসেন। মাদক ব্যবসায়ী শিবলী আহম্মেদের বিরুদ্ধে এসআই মনির হোসেন বাদী হয়ে শনিবার ১০ মে সকালে মামলা দায়ের করে বরিশাল আদালতে প্রেরন করেন। মাদক ব্যবসায়ীর সহযোগী নাইম মোল্লা, সাব্বির শাহ ও জিহাদ সরদারকে অর্থের বিনিময়ে ছেড়ে দেয় এসআই মনির হোসেন। এঘটনা বিভিন্ন মিডিয়ায় প্রকাশিত হলে মঙ্গলবার (১২ মে) রাতে এসআই মনির হোসেনকে আগৈলঝাড়া থানা থেকে ক্লোজ করে বরিশাল পুলিশ লাইনে সংযুক্ত করা হয়েছে। এঘটনার সত্যাতা স্বীকার করেছেন আগৈলঝাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোহাম্মাদ মাসুদ হোসেন।

পবিপ্রবিতে হামলার প্রতিবাদে

সমাবেশে বক্তব্য দেন প্রফেসর ড. মো. আতিকুর রহমান ও প্রফেসর ড. এবিএম সাইফুল্লাহসহ অন্যরা। একই সময়ে ডিন কাউন্সিলের সুপারিশের ভিত্তিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীদের এক জরুরি বৈঠকে নেওয়া সিদ্ধান্ত ঘোষণা করেন আন্দোলনরত শিক্ষক নেতা প্রফেসর ড. মো. আতিকুর রহমান। সিদ্ধান্তগুলো হলো, গত সোমবার (১১ মে) আন্দোলনরত শিক্ষক-কর্মকর্তাদের ওপর হামলাকারী বহিরাগতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। পূর্বঘোষিত রুটিন অনুযায়ী চলমান ফাইনাল পরীক্ষাগুলো আগামী ১৭ মে থেকে যথারীতি অনুষ্ঠিত হবে। তবে বিভিন্ন সেমিস্টারের ক্লাস, ক্লাস টেস্টসহ অন্যান্য প্রশাসনিক কার্যক্রম বর্জন করে চলমান কর্মবিরতি অব্যাহত থাকবে। এদিকে আন্দোলনকারীরা উপাচার্যের অফিস, বাসভবন, রেজিস্ট্রার কার্যালয়সহ প্রশাসনের সব দপ্তরে তালা ঝুলিয়ে দেয়ায় প্রশাসনিক কার্যক্রম অচল হয়ে পড়েছে। এর আগে গত ১১ মে ভিসি অপসারণ দাবিতে চলমান আন্দোলনের মধ্যে শিক্ষক-কর্মকর্তাদের অবস্থান কর্মসূচিতে বহিরাগতদের হামলার ঘটনা ঘটে। এ ঘটনায় বিশ্ববিদ্যালয়ে উত্তেজনা বিরাজ করছে। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ও উপাচার্যের মোবাইল ফোনে যোগাযোগের চেষ্টা করা হলেও সম্ভব হয়নি।

ডিসেম্বরে পরীক্ষায় বসতে নারাজ

পারে বলে মত দেন তারা। শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়, সভায় দেশের বিভিন্ন জেলার অভিভাবক ও শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানরা ভার্চুয়ালি যুক্ত হয়ে তাদের মতামত তুলে ধরেন। অধিকাংশ অভিভাবক ও শিক্ষক মনে করেন, হুট করে পরীক্ষার সময় চার মাস এগিয়ে আনা হলে শিক্ষার্থীদের ওপর তীব্র মানসিক চাপ তৈরি হবে। তারা প্রস্তাব করেন যে, এক বছরেই চার মাস না কমিয়ে বরং প্রতি বছর পর্যায়ক্রমে এক মাস করে সময় এগিয়ে আনলে শিক্ষার্থীরা পরিস্থিতির সঙ্গে সহজে মানিয়ে নিতে পারবেন। বৈঠকে অংশ নেওয়া মাউশির একজন কর্মকর্তা জানান, ২০২৭ সালের এসএসসি পরীক্ষা একই বছরের জানুয়ারিতে এবং এইচএসসি পরীক্ষা এপ্রিলে নেওয়ার পক্ষে মত পেয়েছেন। এদিকে বৈঠক শেষে শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন বলেন, শিক্ষার্থী-শিক্ষক, শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান, অভিভাবক ও বিশেষজ্ঞদের সঙ্গে আলোচনা করছি। এসএসসি ও এইচএসসি পরীক্ষা কবে নিতে পারি এবং কীভাবে সময় অ্যাডজাস্ট করতে পারি, সিনক্রোনাইজ করতে পারি; তা নিয়ে আলোচনা হয়েছে। তিনি বলেন, আমরা কতদিনের মধ্যে আমাদের টার্গেট ফুলফিল করবো, ২০২৭ সালে ডিসেম্বরে পরীক্ষা নেবো নাকি ২০২৮ সালে গিয়ে অ্যাডজাস্ট করবো, তা নিয়েও মতামত পেয়েছি। আমরা সিদ্ধান্ত নিয়ে নিলাম, তাতে যেন শিক্ষার্থীরা ক্ষতিগ্রস্ত না হয়, সেটাকে প্রাধান্য দিচ্ছি। সভায় বরিশাল শিক্ষা বোর্ড চেয়ারম্যান অধ্যাপক মো. ইউনুস আলী সিদ্দিকী বলেন, ৮ ফেব্রুয়ারি রোজা শুরু। যদি জানুয়ারির প্রথম সপ্তাহে পরীক্ষা শুরু করি আমরা রোজার আগে শেষ করতে পারবো। রাজধানীর বেগম বদরুন্নেসা কলেজের অধ্যক্ষ অধ্যাপক তামান্না বেগম বলেন, আমরা যদি এসএসসি পরীক্ষা আগে শুরু করি, তাহলে এইচএসসির সিলেবাস কমপ্লিট করতে পারবো। তবে পরীক্ষা মার্চ-এপ্রিলে নিলে ভালো হয়। এছাড়া ফরম ফিলাপের পরে একটা ভালো সময় থাকে প্রিপারেশন নেওয়ার জন্য। জানতে চাইলে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের উপসচিব সাবিনা ইয়াসমিন বলেন, সভায় এসএসসি ও এইচএসসি পরীক্ষা প্রতি বছর কোন সময়ে নেওয়া হতে পারে, সে বিষয়ে অংশীজনদের বক্তব্য শোনা হয়েছে। আগামী দু-একদিনের মধ্যে সিদ্ধান্ত জানানো হবে।

বরিশালে বিশ্ব অটিজম

কাজ নিজে করার পাশাপাশি বিভিন্ন সৃষ্টিশীল কর্মকাণ্ডে অসাধারণ মেধার পরিচয় দিচ্ছে। তাই প্রতিবন্ধকতাকে সীমাবদ্ধতা না ভেবে সঠিক পরিচর্যার মাধ্যমে তাদের ভেতরে লুকিয়ে থাকা সম্ভাবনার নতুন দ্বার উন্মোচন করার আহ্বান জানান তিনি। তিনি বলেন, প্রতিবন্ধী শিশুদের লালন-পালন অত্যন্ত ধৈর্য, দায়িত্ববোধ ও পারিবারিক সহযোগিতার বিষয়। তাদের দেখাশোনায় পরিবারের সবাইকে একসঙ্গে কাজ করতে হয়। তবে এসব শিশু সমাজ বা পরিবারের জন্য কোনো বোঝা নয়, বরং মূল্যবান সম্পদ। যথাযথ পরিচর্যা, ভালোবাসা ও সহানুভূতি পেলে তারা সমাজে নিজেদের যোগ্যতার প্রমাণ দিতে পারে। জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক সাজ্জাদ পারভেজের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিভাগীয় সমাজসেবা কার্যালয়ের অতিরিক্ত পরিচালক স্বপন কুমার মুখার্জী বিশেষ অতিথির বক্তব্য দেন। এসময় বরিশাল নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্টের সহকারী পরিচালক মো. লিটন, ফিজিও কনসালটেন্ট সাইফুল ইসলাম সালোকী, প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা উম্মে কুলসুম, বুদ্ধি প্রতিবন্ধী বিদ্যালয়ের প্রধান শিক্ষক সিরাজুম মুনির টিটুসহ বেসরকারি উন্নয়ন সংস্থার প্রতিনিধি, প্রতিবন্ধী শিশু ও অভিভাবকরা উপস্থিত ছিলেন। সভা শেষে প্রধান অতিথি ৪জন বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের হাতে ‘সুবর্ণ নাগরিক কার্ড’ তুলে দেন।

সূর্যের বুকে বিস্ফোরণ: প্রলয়ঙ্করী

মধ্যে নতুন করে শঙ্কা তৈরি করেছে। বিজ্ঞানীরা সতর্ক করছেন, বিস্ফোরণের ফলে ছড়িয়ে পড়া চার্জযুক্ত সৌর পদার্থ পৃথিবীর চৌম্বকক্ষেত্রে প্রভাব ফেলতে পারে। এতে পৃথিবীর বুকে প্রলয়ঙ্করী সৌরঝড়ের ঝুঁকি থাকলেও তাৎক্ষণিক বড় ধরনের ঝড়ের শঙ্কা কম, তবুও আগামী কয়েক দিন পরিস্থিতি জটিল হয়ে উঠতে পারে বলে মনে করা হচ্ছে। বিজ্ঞানীরা বলছেন, বিস্ফোরণের ফলে মহাকাশে ছড়িয়ে পড়া চার্জযুক্ত সৌর পদার্থ পৃথিবীর চৌম্বকক্ষেত্রকে স্পর্শ করতে পারে। যদিও বড় ধরনের সৌরঝড়ের সম্ভাবনা কম, তবুও পরিস্থিতির ওপর নিবিড় নজর রাখা হচ্ছে। বিজ্ঞানীদের আশঙ্কা, আগামী কয়েক দিনের মধ্যে আরও শক্তিশালী সৌরঝড় পৃথিবীর দিকে আঘাত হানতে পারে। ভারতীয় মিডিয়া ইন্ডিয়া টুডে বলছে, গত ১০ মে ইউটিসি সময় ১৩:৩৯ মিনিটে অর্থাৎ বাংলাদেশ সময় সন্ধ্যা ৭টা ৩৯ মিনিটে সূর্যের এআর৪৪৩৬ নামে সানস্পট অঞ্চল থেকে শক্তিশালী এম৫.৭ শ্রেণির একটি সৌর বিস্ফোরণ ঘটে। আর এই বিস্ফোরণে সূর্যের বাইরের বায়ুমণ্ডলে বিশাল গহ্বর তৈরি হয়। নাসার সোলার ডাইনামিকস অবজারভেটরি (এসডিও) ধারণ করা অতিবেগুনি চিত্রে সেই গর্ত স্পষ্টভাবে দেখা গেছে। বিস্ফোরণের সঙ্গে মহাকাশে ছিটকে যায় করোনাল মাস ইজেকশন (সিএমই) নামে পরিচিত চৌম্বকীয় সৌর প্লাজমার বিশাল মেঘও। প্রাথমিক পর্যবেক্ষণে বিজ্ঞানীরা মনে করছেন, সিএমইটি অল্পের জন্য পৃথিবীকে এড়িয়ে যাবে। তবে ১৩ মে এই সৌর পদার্থ পৃথিবীর পাশ দিয়ে যাওয়ার সময় সামান্য ভূ-চৌম্বকীয় প্রভাব দেখা দিতে পারে বলে সতর্ক করেছেন তারা। সোলার অ্যান্ড হেলিওস্ফেরিক অবজারভেটরির (সোহো) তথ্যভিত্তিক মডেল অনুযায়ী, সিএমইয়ের মূল অংশ পৃথিবীর পাশ কাটিয়ে যাবে। তবে বিস্ফোরণের ফলে ছড়িয়ে পড়া চার্জযুক্ত আন্তঃগ্রহীয় গ্যাসের তরঙ্গ পৃথিবীর চৌম্বকক্ষেত্রকে স্পর্শ করতে পারে। এতে মেরু অঞ্চলের কাছাকাছি ভূ-চৌম্বকীয় অস্থিরতা তৈরি হওয়ার আশঙ্কা রয়েছে। বিশেষজ্ঞদের মতে, এই ঘটনায় বড় ধরনের ভূ-চৌম্বকীয় ঝড় হওয়ার সম্ভাবনা কম। তবে পৃথিবীর দিকে ঘুরে আসা এআর৪৪৩৬ অঞ্চলটি ভবিষ্যতে আরও বড় হুমকি হয়ে উঠতে পারে। মহাকাশ আবহাওয়া পর্যবেক্ষকদের ভাষায়, ‘এ ধরনের সক্রিয় অঞ্চলগুলোর ওপর খুব সতর্ক নজর রাখা হয়। কারণ পরবর্তী বিস্ফোরণ হয়তো পৃথিবীকে এড়িয়ে যাবে না।’ উদ্বেগের আরেকটি কারণ হলো, গত সপ্তাহে সূর্যের উল্টো পাশে অবস্থান করেও এআর৪৪৩৬ অন্তত পাঁচটি উল্লেখযোগ্য সিএমই তৈরি করেছিল। এতে বোঝা যাচ্ছে, অঞ্চলটি অত্যন্ত অস্থিতিশীল এবং জটিল চৌম্বকীয় বৈশিষ্ট্যসম্পন্ন। আগামী কয়েক দিনে সূর্যের ঘূর্ণনের কারণে এই সক্রিয় অঞ্চলটি পৃথিবীর আরও সরাসরি মুখোমুখি অবস্থানে চলে আসবে। ফলে পৃথিবীমুখী সৌর বিস্ফোরণ ও সিএমইয়ের ঝুঁকি দ্রুত বাড়ছে। মূলত সৌর বিস্ফোরণ বা সোলার ফ্লেয়ার হলো সূর্যের চৌম্বকীয় শক্তির আকস্মিক নিঃসরণ থেকে তৈরি তীব্র তড়িৎচৌম্বকীয় বিকিরণ। আর সিএমই তুলনামূলক ধীরগতির হলেও অনেক বেশি প্রভাব ফেলতে পারে। এগুলো পৃথিবীর দিকে এলে উপগ্রহ, রেডিও যোগাযোগ, জিপিএস ব্যবস্থা ও বিদ্যুৎ গ্রিডে বিঘ্ন ঘটাতে পারে।

ইরানে আমিরাতের ‘গোপন হামলা’

মতে, এ ঘটনার ফলে উপসাগরীয় কয়েকটি দেশ সরাসরি ইরানের সঙ্গে যুদ্ধে জড়িয়ে পড়তে পারে। একই সময়ে কুয়েত জানিয়েছে, দেশটির মালিকানাধীন বুবিয়ান দ্বীপে ‘সন্ত্রাসী হামলা’ চালানোর চেষ্টা করার সময় ইসলামিক রেভল্যুশনারি গার্ড কর্পসের (আইআরজিসি) অন্তত চার সদস্যকে আটক করা হয়েছে। বুবিয়ান দ্বীপ কুয়েতের উপকূলীয় দ্বীপমালার মধ্যে সবচেয়ে বড় দ্বীপ। ওয়াল স্ট্রিট জার্নালের এক প্রতিবেদনে বলা হয়েছে, ইরানের হামলার প্রতিশোধ হিসেবে ইউএই গোপনে ইরানের লাজান দ্বীপে হামলা চালায়। ৭ এপ্রিল যুদ্ধবিরতি ঘোষণার ঠিক আগমুহূর্তে এই হামলা হয় বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। বিশ্লেষকদের মতে, যুদ্ধবিরতি ভেঙে গেলে এবং যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে আবারও সংঘাত শুরু হলে ইউএই আরও বড় টার্গেটে পরিণত হতে পারে। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সোমবার (১১ মে) বলেছেন, ইরান তাদের পারমাণবিক কর্মসূচি নিয়ে যুক্তরাষ্ট্রের চাওয়া ছাড় না দেওয়ায় যুদ্ধবিরতি এখন ‘সুতোয় ঝুলছে’। মঙ্গলবার পেন্টাগন জানায়, ইরানের সঙ্গে যুদ্ধের ব্যয় প্রায় ২৯ বিলিয়ন ডলারে পৌঁছেছে। দুই সপ্তাহ আগে দেওয়া হিসাবের তুলনায় এটি প্রায় ৪ বিলিয়ন বা ৪০০ কোটি ডলার বেশি। গত ২৮ ফেব্রুয়ারি শুরু হওয়া আগের সংঘাতে ইরান ইউএইকে ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলার অন্যতম প্রধান লক্ষ্যবস্তুতে পরিণত করেছিল। বিশ্লেষকদের মতে, ইউএইর শাসকগোষ্ঠীর ইরানবিরোধী কূটনৈতিক অবস্থানের কারণেই দেশটি ব্যাপক হামলার মুখে পড়ে। ওয়াল স্ট্রিট জার্নালের প্রতিবেদনে আরও বলা হয়, ইউএইর কূটনৈতিক বৈরিতা কেবল রাজনৈতিক পর্যায়ে সীমাবদ্ধ ছিল না, বরং তা সামরিক রূপও নিয়েছিল। প্রতিবেদনে এমন কিছু ছবির উল্লেখ করা হয়েছে, যেখানে ইউএই ব্যবহৃত ফরাসি মিরাজ যুদ্ধবিমান ও চীনা উইং লং ড্রোনকে ইরানের আকাশে অভিযান চালাতে দেখা গেছে বলে দাবি করা হয়েছে। ওই সময় ইউএই ইঙ্গিত দিয়েছিল যে তারা শুধু নিজেদের তেল ও বন্দর স্থাপনা রক্ষায় সীমাবদ্ধ থাকবে না, বরং পাল্টা সামরিক অভিযানও চালাতে চায়। একই সময়ে ইরান অভিযোগ করেছিল, ইউএই ও কুয়েতও তাদের বিরুদ্ধে হামলায় জড়িত ছিল। তবে এখন পর্যন্ত ইউএই কাতার কিংবা সৌদি আরবকে ইরানের বিরুদ্ধে আরও কঠোর অবস্থানে আনতে পারেনি। বিশেষ করে হরমুজ প্রণালিতে ইরানের অবরোধ এবং হামলার জবাব দিতে উপসাগরীয় দেশগুলোকে একসঙ্গে নামানোর চেষ্টা ব্যর্থ হয়েছে। ইরানের গোয়েন্দা মূল্যায়নে দীর্ঘদিন ধরেই ধারণা করা হচ্ছিল, উপসাগরীয় কিছু দেশ তাদের আকাশসীমা বা মার্কিন ঘাঁটি ব্যবহার করতে দিয়েছে, যেখান থেকে যুক্তরাষ্ট্র ইরানের ওপর হামলা চালিয়েছে।

বাউফলে সাপের কামড়ে

তাকে তাৎক্ষণিক চিকিৎসা দেয়া হয়নি। কিছু সময়ের মধ্যেই ফাইজুলের শারীরিক অবস্থার দ্রুত অবনতি হতে থাকে। একপর্যায়ে সে অস্বাভাবিক আচরণ শুরু করলে স্বজনরা দ্রুত তাকে বাউফল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক ডা. মো. ইরফান উদ্দিন বলেন, ‘প্রাথমিক চিকিৎসা শুরু করা অবস্থায় শিশুটির মৃত্যু হয়। প্রাথমিক পর্যায়ের ধারনা করা যায় সাপের বিষক্রিয়ার কারণেই তার মৃত্যু হয়েছে।’ স্থানীয় শিক্ষক রেজাউল করীম ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, ‘শুরুতেই সাপের কামড় শনাক্ত করা গেলে হয়তো শিশুটিকে বাঁচানো সম্ভব হতে পারতো।’

ধান কেটে কৃষকের

জন্য আমরা অনেক আনন্দিত। কদমতলা ইউনিয়ন ছাত্রদলের সভাপতি হাসিব শেখ বলেন, বর্তমান সরকার কৃষক বান্ধব সরকার। টানা বৃষ্টিতে কদমতলা ইউনিয়নের অনেক ফসলি জমি পানিতে তলিয়ে গেছে। এ অবস্থায় ধান কাটার জন্য কোনো শ্রমিক পাচ্ছেন না স্থানীয় কৃষকেরা। কৃষকের এই দুর্ভোগ কমাতে আমরা ছাত্রদলের নেতাকর্মীরা পাশে দাঁড়িয়েছে।

আমতলীতে পল্লী উন্নয়ন

সদস্য সচিব মো. তুহিন মৃধা, পৌর বিএনপির সাবেক আহ্বায়ক মো. কবির ফকির, উপজেলা প্রকৌশলী মো. ইদ্রিস মিয়া, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা মো. চিন্ময়, পৌর বিএনপির যুগ্ম আহ্বায়ক মো. মিল্টন বিশ্বাস, মো. জামাল খান, মো. রুহুল আমিন, দেওয়ান কবির, সাংবাদিক ফোরামের সভাপতি মো. মনিরুল ইসলাম এবং সাংবাদিক ক্লাবের সাধারণ সম্পাদক মো. সজিব মিয়াসহ সংশ্লিষ্ট সমিতির নেতৃবৃন্দ ও কর্মকর্তারা। সভায় বক্তারা পল্লী উন্নয়ন বোর্ডের আওতায় বিভিন্ন সমিতির কৃষকদের সহজ শর্তে ঋণ বিতরণ ও সঠিকভাবে আদায়ের পাশাপাশি নতুন নতুন গ্রামীণ উন্নয়নমূলক প্রকল্প গ্রহণের প্রস্তাব তুলে ধরেন। এ সময় আমতলী উপজেলা নির্বাহী কর্মকর্তা মুহাম্মদ জাফর আরিফ চৌধুরী এবং উপজেলা বিএনপির সাবেক সভাপতি মো. জালাল উদ্দিন ফকির প্রকল্প বাস্তবায়নে সার্বিক সহযোগিতার আশ্বাস দেন। সভাপতির বক্তব্যে পল্লী উন্নয়ন বোর্ডের আমতলী উপজেলা চেয়ারম্যান মো. মঈনুদ্দিন মামুন উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

লালমোহনে গাঁজা ও গাঁজা

পৌরসভার ৩ নম্বর ওয়ার্ডে। অপর আসামি লোকমান (২৬) তজুমদ্দিন উপজেলার চাচড়া এলাকার বাসিন্দা। উদ্ধার আলামতসহ আটকদের লালমোহন থানায় নিয়ে যাওয়া হয়েছে। এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলার প্রস্তুতি চলছে বলে জানিয়েছে পুলিশ।

বিয়ের নামে প্রতারণা, আইনজীবীর

আইনজীবী সমিতির সদস্য এবং কাউনিয়া কালাখান সড়কের বাসিন্দা। মামলার এজাহারে তরুণী উল্লেখ করেন, সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকের মাধ্যমে আইনজীবী সোহেলের সঙ্গে পরিচয় হয় তার। পরিচয় থেকে সুসম্পর্ক গড়ে ওঠে তাদের মধ্যে। একপর্যায় সোহেল বিয়ের প্রস্তাব দিলে রাজি হন তরুণী। অভিযোগে বলা হয়েছে, গত ২৬ ডিসেম্বর নগরীর আমতলার মোড় এলাকার একটি রেস্টুরেন্টে তরুণীকে বিয়ের আশ্বাস দিয়ে কয়েকটি স্ট্যাম্পে স্বাক্ষর নেন অভিযুক্ত সোহেল। পরে একটি অফিসে নিয়ে তাকে জানানো হয় যে তাদের বিয়ে সম্পন্ন হয়েছে। তবে কোনো রেজিস্ট্রি কাবিন বা আইনগত প্রক্রিয়া সম্পন্ন করা হয়নি। এজাহারে আরও উল্লেখ করা হয়, পর দিন ২৭ ডিসেম্বর সন্ধ্যায় গির্জা মহল্লার একটি আবাসিক হোটেলে নিয়ে তরুণীর সঙ্গে শারীরিক সম্পর্ক স্থাপন করেন সোহেল। এরপর স্বামী-স্ত্রী পরিচয়ে নগরীর বাজার রোড এলাকায় বাসা ভাড়া নেন তিনি। সেখানে দীর্ঘদিন ধরে নিয়মিত যাতায়াত ও শারীরিক সম্পর্ক চালিয়ে যান তারা। তরুণী অভিযোগ করেছেন, ইতোপূর্বে তিনি একাধিকবার বিয়ের কাবিন সম্পন্ন করার জন্য চাপ দিলেও অভিযুক্ত সোহেল নানা অজুহাতে বিষয়টি এড়িয়ে যান। সর্বশেষ গত ৪ এপ্রিল রাতে অভিযুক্ত সোহেল আবারও তরুণীর সাথে শারীরিক সম্পর্ক করেন। ওই সময় বিয়ের রেজিস্ট্রির কথা তুললে অভিযুক্ত সরাসরি জানিয়ে দেন যে, তাদের মধ্যে কোনো বিয়ে হয়নি এবং তিনি তাকে স্ত্রী হিসেবে স্বীকৃতি দেবেন না। এ ঘটনায় বিচার চেয়ে থানায় মামলা করতে গেলে পুলিশ তাকে আদালতে মামলা করার পরামর্শ দেয়। এরপর আদালতের শরণাপন্ন হন ওই তরুণী। বরিশাল জেলা আইনজীবী সমিতির সভাপতি ও জেলা জজ আদালতের পিপি আবুল কালাম বলেন, মামলার বিষয়টি শুনেছি। তবে কী আদেশে হয়েছে সেটা এখনো নিশ্চিত হতে পারিনি। কাগজ পেলে নিশ্চিত হওয়া যাবে। তিনি আরও বলেন, ওই মেয়ে আগেও আমার কাছে একই বিষয়ে অভিযোগ করেছিল। অভিযোগের পরিপ্রেক্ষিতে আমি দুজনকে নোটিশ করেছিলাম। এখন আদালতের আদেশের কপি হাতে পেলে পরবর্তী কার্যক্রম পরিচালনা করা হবে।

অতিরিক্ত লবণ খাওয়ায় দেশে বছরে

কর্তৃপক্ষের উদ্যোগে আয়োজিত জনসচেতনতামূলক সেমিনারে এসব তথ্য তুলে ধরেন বক্তারা। বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের চেয়ারম্যান মো. আনোয়ারুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে স্বাগত বক্তব্য দেন বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সদস্য (খাদ্য শিল্প ও উৎপাদন) অধ্যাপক ড. মোহাম্মদ শোয়েব। তিনি বলেন, অতিরিক্ত লবণ নেওয়া বর্তমানে বিশ্বব্যাপী একটি বড় জনস্বাস্থ্য সমস্যা হিসেবে স্বীকৃত। উচ্চমাত্রায় লবণ নেওয়া রক্তচাপ বৃদ্ধি করে এবং হৃদরোগসহ বিভিন্ন অসংক্রামক রোগের ঝুঁকি উল্লেখযোগ্যভাবে বাড়িয়ে দেয়। একই সঙ্গে এটি অস্বাস্থ্যকর ওজন বৃদ্ধি ও অন্যান্য স্বাস্থ্যঝুঁকির কারণ হয়ে দাঁড়ায়। তিনি আরও বলেন, লবণ খাওয়া কমাতে ব্যক্তি ও পরিবার পর্যায়ে সচেতনতা বৃদ্ধির পাশাপাশি খাদ্যশিল্প প্রতিষ্ঠানগুলোকে প্রক্রিয়াজাত খাদ্যে লবণের পরিমাণ কমিয়ে স্বাস্থ্যসম্মত পণ্য উৎপাদনে গুরুত্ব দিতে হবে। একই সঙ্গে কার্যকর জনস্বাস্থ্য নীতি, শক্তিশালী নিয়ন্ত্রণ কাঠামো এবং সমন্বিত উদ্যোগ নেওয়ার ওপরও গুরুত্বারোপ করেন তিনি। সেমিনারে ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন হাসপাতালের অ্যাসিস্টেন্ট সাইন্টিস্ট ডা. আহমাদ খাইরুল আববার বলেন, দেশে মোট মৃত্যুর প্রায় ৭১ শতাংশই অসংক্রামক রোগের কারণে ঘটে। এর মধ্যে ৫১ শতাংশ মানুষ অকালে মারা যান। অতিরিক্ত লবণ খাওয়া উচ্চ রক্তচাপের পাশাপাশি, হৃদরোগ, স্ট্রোক, কিডনি রোগ ও পাকস্থলির ক্যান্সারের মত নানা জীবনঘাতী রোগের ঝুঁকি বাড়ায়। তিনি আরও বলেন, বাংলাদেশে প্রতি চারজনের মধ্যে একজন উচ্চ রক্তচাপে আক্রান্ত হলেও অধিকাংশ ক্ষেত্রেই তা নিয়ন্ত্রণে থাকে না। অতিরিক্ত লবণ নেওয়া উচ্চ রক্তচাপ বৃদ্ধির অন্যতম প্রধান কারণ হিসেবে কাজ করছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) প্রোগ্রাম অফিসার (ডায়েট রিলেটেড রিস্ক ফ্যাক্টর) সামিনা ইসরাত বলেন, বাংলাদেশে ফ্রন্ট-অব-প্যাক লেবেলিং (এফওপিএল) চালু করা খাদ্যজনিত অসংক্রামক রোগ (এনসিডিএস) মোকাবিলায় একটি গুরুত্বপূর্ণ জনস্বাস্থ্য কৌশল এবং অতিরিক্ত লবণ নেওয়া কমানোর জন্য ‘ডব্লিওএইচও’ সুপারিশকৃত একটি ব্যয়-সাশ্রয়ী উদ্যোগ। প্যাকেটজাত খাদ্যের সামনের অংশে স্পষ্ট ও সহজবোধ্য পুষ্টি তথ্য দিয়ে এফওপিএল ভোক্তাদেরকে আরও স্বাস্থ্যকর খাদ্য নির্বাচন করতে সহায়তা করবে এবং খাদ্য শিল্পকে পণ্যের পুষ্টিগুণ উন্নত করার জন্য সংস্কার করতে উৎসাহিত করবে। এটি বিদ্যমান জাতীয় স্বাস্থ্য ও পুষ্টি নীতিমালার সাথে সামঞ্জস্যপূর্ণ এবং একটি সহায়ক খাদ্য পরিবেশ গড়ে তুলতে সাহায্য করবে, যা জনগণের মধ্যে স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস গঠনে ভূমিকা রাখবে। ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন হাসপাতাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউটের রোগতত্ত্ব ও গবেষণা বিভাগের প্রধান অধ্যাপক ডা. সোহেল রেজা চৌধুরী প্রক্রিয়াজাত ও প্যাকেটজাত খাবারে থাকা “লুকায়িত লবণ” নিয়ে উদ্বেগ প্রকাশ করে বলেন, চিপস, চানাচুর, ইনস্ট্যান্ট নুডলস, আচার, স্যুপ, বিস্কুটসহ বিভিন্ন জনপ্রিয় খাদ্যে উচ্চমাত্রার লবণ থাকে। এমনকি অনেক মিষ্টি স্বাদের খাবারেও অতিরিক্ত সোডিয়াম বিদ্যমান, যা অধিকাংশ ভোক্তার অজানা। ফলে মানুষ না জেনেই প্রয়োজনের চেয়ে বেশি লবণ খেয়ে ফেলছেন। এজন্য উচ্চ লবণযুক্ত খাবার সহজে চিহ্নিত করার লক্ষ্যে বাধ্যতামূলক ফ্রন্ট-অফ-প্যাক ওয়ার্নিং লেবেলিং ব্যবস্থা চালু; প্রক্রিয়াজাত খাবারের প্রস্তুত প্রণালীর পুনর্গঠন; ও শিক্ষামূলক প্রচারণার মত কার্যকর কৌশলগুলো বাস্তবায়ন জরুরি।

আইজিপি ব্যাজ পেলেন

কার্যকর উদ্যোগ গ্রহণ করেন। তার নেতৃত্বে জেলার বিভিন্ন থানায় অপরাধ দমন কার্যক্রমে ইতিবাচক পরিবর্তন এসেছে বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন। অপরদিকে অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) নারসিন জাহানও পেশাগত দায়িত্ব অত্যন্ত দক্ষতা ও নিষ্ঠার সঙ্গে পালন করে প্রশংসা অর্জন করেছেন। মাঠপর্যায়ে আইন-শৃঙ্খলা রক্ষায় সক্রিয় ভূমিকা রাখার স্বীকৃতিস্বরূপ তাকেও আইজিপি ব্যাজ প্রদান করা হয়। এ সম্মাননা অর্জনে পিরোজপুর জেলা পুলিশের কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে উৎসবমুখর পরিবেশ বিরাজ করছে। বিভিন্ন সামাজিক, রাজনৈতিক ও পেশাজীবী সংগঠনের পক্ষ থেকেও দুই কর্মকর্তাকে অভিনন্দন জানানো হয়েছে।

ভুল চিকিৎসায় দুই নারীর

(ইউএইচএফপিও) ডা. সাকিল সরোয়ার। সভায় সভাপতিত্বকালে ডা. সাকিল সরোয়ার বলেন, ‘‘সম্প্রতি ক্লিনিকে দুই নারীর মৃত্যুর বিষয়টি আমরা অত্যন্ত গুরুত্বের সাথে দেখছি। এ ঘটনায় স্বচ্ছতা বজায় রাখতে তিন সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করে দেওয়া হবে। তদন্তে কারও অবহেলা বা গাফিলতি প্রমাণিত হলে ক্লিনিকগুলো বন্ধ করে দেয়া হবে।’’ ক্লিনিক মালিকদের প্রতি কঠোর নির্দেশনা দিয়ে তিনি আরও বলেন, ‘‘আইন মেনে ক্লিনিক পরিচালনা করতে হবে। ক্লিনিকে কর্মরত ডাক্তারদের সকল নথিপত্র ইউএইচএফপিও কার্যালয়ে জমা দেওয়া বাধ্যতামূলক। এছাড়া নীতিমালা অনুযায়ী চিকিৎসক ও স্টাফদের নিয়োগপত্র দিতে হবে। যখন-তখন কাউকে ছাঁটাই করা যাবে না, আবার কর্মীরাও নিয়মের বাইরে হুট করে চলে যেতে পারবেন না।’’ বক্তারা মঠবাড়িয়ার সাধারণ মানুষের সঠিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে বেসরকারি ক্লিনিকগুলোর ওপর নিয়মিত তদারকি এবং সেবার মান বৃদ্ধিতে ঐক্যবদ্ধভাবে কাজ করার অঙ্গীকার করেন। মতবিনিময় সভায় আরও বক্তব্য রাখেন, উপজেলা আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডা. সৌমিত্র সিনহা, উপজেলা বিএনপির সদস্য কে এম হুমায়ুন কবির, মঠবাড়িয়া প্রেসক্লাব সভাপতি রফিকুজ্জামান আবির, সাধারণ সম্পাদক নিজামুল কবির মিরাজ, সাবেক সভাপতি আবদুস সালাম আজাদী, ক্লিনিক মালিক সমিতির সভাপতি মনির হোসেন, সাংবাদিক মজিবর রহমান, ইসমাইল হোসেন হাওলাদার, ইসরাত জাহান মমতাজ, সোহেল আমিন প্রমুখ।

গৌরনদীতে নিরাপদ খাদ্য

বন্দরের বিশিষ্ট ব্যবসায়ী ঘোষ, বাসস্টান্ডের ব্যবসায়ী মোঃ লোকমান হোসেনসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ। নিরাপদ খাদ্য নিশ্চেত করনে বিভিন্ন গুরুত্বপূর্ন সিদ্ধান্ত গ্রহন করা হয়।

নগর প্রশাসকের সাথে সিটি কলেজ

জাহান শিরীন এক সময় বরিশাল সিটি কলেজে শিক্ষকতায় কর্মরত ছিলেন। ফলে কলেজের সঙ্গে তাঁর দীর্ঘদিনের আত্মিক সম্পর্ক রয়েছে। পুরনো কর্মস্থলের শিক্ষক-শিক্ষার্থীদের প্রতি তাঁর আন্তরিকতার বিষয়টিও সাক্ষাতে উঠে আসে। এ সময় প্রশাসক মহোদয় বরিশাল সিটি কলেজের শিক্ষা কার্যক্রমের প্রশংসা করেন এবং ভবিষ্যতেও শিক্ষা উন্নয়নে সহযোগিতার আশ্বাস দেন। কলেজের পক্ষ থেকে তাঁকে কলেজ পরিদর্শনের আমন্ত্রণ জানানো হয়। প্রশাসক মহোদয় আমন্ত্রণের জন্য ধন্যবাদ জানান এবং সুবিধাজনক সময়ে কলেজ পরিদর্শনে আগ্রহ প্রকাশ করেন।

জামায়াত নেতা মাওলানা

দাফন করা হয়। জানাজার নামাজে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও বরিশাল মহানগরী আমীর মাওলানা জহির উদ্দিন মুহাম্মদ বাবর। এছাড়াও উপস্থিত ছিলেন মহানগর জামায়াতের নায়েবে আমির অধ্যাপক মাহমুদ হোসেন দুলাল, সেক্রেটারি মাওলানা মতিউর রহমান, বরিশাল জেলা জামায়াতের নায়েবে আমির ড. ফাহফুজুর রহমান, বরিশাল মহানগর ছাত্রশিবিরের সভাপতি হাসান নাঈম, মহানগর জামায়াতের সহকারী সেক্রেটারি মাওলানা মুহাম্মদ আতিকুল্লাহ, ব্যবসায়ী বিভাগের সভাপতি মোয়াজ্জেম হোসেন হাওলাদার, কাউনিয়া থানা আমির মাওলানা মোস্তাফিজুর রহমান, পাওয়ার হাউজ জামে মসজিদের খতিব মাওলানা আব্দুল গফফারসহ অন্যন্য নেতৃবৃন্দ। মাওলানা মুশফিকুর রহমানের ইন্তেকালে গভীর শোক ও সমবেদনা প্রকাশ করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও বরিশাল মহানগরী আমীর মাওলানা জহির উদ্দিন মুহাম্মদ বাবর, ও বরিশাল মহানগর জামায়াতের সেক্রেটারি মাওলানা মতিউর রহমান। এক যৌথ শোকবার্তায় নেতৃবৃন্দ বলেন, মাওলানা মুশফিকুর রহমানের ইন্তেকালে ইসলামী আন্দোলনের একজন নিবেদিত প্রাণ দা’ঈ ভাইকে হারালাম। তার ইন্তেকালে গভীর শোক প্রকাশ করছি। তিনি ইসলামী আন্দোলনের প্রচার ও প্রসারে গুরুত্বপূর্ণ অবদান রাখেন। তিনি সংগঠনের সকল কাজ যথাযথভাবে আঞ্জাম দেয়ার চেষ্টা করতেন। নেতৃবৃন্দ আরো বলেন, ইতোমধ্যে তিনি দুনিয়ার সফর শেষ করেছেন, শুরু হয়েছে তার অনন্তকালের সফর। এই সফরে আল্লাহ্ রাব্বুল আলামীন তার একান্ত সাহায্যকারী হোন। কবর থেকে শুরু করে পরবর্তী প্রত্যেকটি মঞ্জিলকে তার জন্য সহজ, আরামদায়ক ও শান্তিময় করে দিন। আল্লাহ্ সুবহানাহু ওয়া তা’আলা তাকে ক্ষমা করে দিয়ে জান্নাতের উচ্চ মাকাম দান করুন। আমীন।

মঠবাড়িয়ায় জাল জালিয়াতির প্রতারণা মামলায় দুইজন কারাগারে

মঠবাড়িয়া প্রতিনিধি

পিরোজপুরের মঠবাড়িয়ায় জাল জালিয়াতির প্রতারণা মামলায় মোঃ এম এ হায়দার (৬৫) ও মোঃ সুমন মিয়া (৪০) নামে দুইজনকে কারাগারে পাঠিয়েছে আদালত। জাল জালিয়াতির মামলায় বুধবার দুপুরে মঠবাড়িয়া সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে জামিনের প্রার্থনা জানিয়ে হাজির হলে বিজ্ঞ আদালত তাদের জামিন না মঞ্জুর করে কারাগারে পাঠানোর আদেশ দেন। মামলা সূত্রে জানাগেছে, উপজেলার কচুবাড়িয়া গ্রামের মৃত নুর হোসেনের পুত্র আবদুস সোবহান পরিবার পরিজন নিয়ে দীর্ঘদিন ধরে বরগুনা জেলার তালতলী উপজেলার মৌলভী পাড়া এলাকায় বসবাস করেন। সেই সুবাদে একই এলাকার মৃত আব্দুল গণির পুত্র এম এ হায়দার তার আপন ভাই নূর মোহাম্মদকে আবদুস সোবহান সাজিয়ে দাতা এবং তিনি নিজে গ্রহীতা হয়ে ১৬ শতাংশ সম্পত্তি মঠবাড়িয়া সাব-রেজিস্ট্রি অফিসে প্রতারণার মাধ্যমে তার নামে রেজিষ্ট্রি করে নেন। পরবর্তীতে বিষয়টি আবদুস সোবহান জানতে পেরে মঠবাড়িয়া সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে ৬ জনকে আসামী করে একটি মামলা দায়ের করেন। আদালত মামলাটি আমলে নিয়ে তদন্তের জন্যে মঠবাড়িয়ার সাব-রেজিষ্ট্রারের উপর দায়িত্ব অর্পন করেন। সাব-রেজিষ্ট্রার মোঃ বেলাল হোসেন তদন্ত শেষে এম এ হায়দার প্রতারণা ও জালিয়াতির উদ্দেশ্যে সুমন মিয়ার মাধ্যমে দলিলে পরিচিতি স্বাক্ষর করে নুর মোহাম্মদকে ভূয়া দাতা সাজিয়ে দলিল তৈরীর সত্যতা পান মর্মে আদালতে প্রতিবেদন দাখিল করেন। পরে ধার্য্য তারিখে আসামীরা আদালত উপস্থিত না হলে বিজ্ঞ আদালত আসামীদের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানার আদেশ দেন। বুধবার দুপুরে এম এ হায়দার ও মোঃ সুমন মিয়া আদালতে জামিনের জন্য হাজির হলে আদালতের বিজ্ঞ বিচারক তাদের জামিন না মঞ্জুর করে জেল হাজতে প্রেরণের আদেশ দেন।

গতকালের এসএসসি পরীক্ষায় অনুপস্থিত ১৫ হাজার পরীক্ষার্থী, বহিষ্কার ৭ জন

কীর্তনখোলা ডেস্ক

সারাদেশে শান্তিপূর্ণ পরিবেশে এসএসসি ও সমমানের হিসাববিজ্ঞান, পদার্থবিজ্ঞান ও ইসলামের ইতিহাস পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। বুধবার (১৩ মে) অনুষ্ঠিত এই পরীক্ষায় ৯টি সাধারণ শিক্ষা বোর্ড এবং মাদ্রাসা শিক্ষা বোর্ড মিলিয়ে মোট ১৫ হাজার ৮৮৯ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। একইসাথে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে মোট ৭ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। বিকেলে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি প্রফেসর ড. খন্দোকার এহসানুল কবিরের সই করা এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব বিষয়ে জানানো হয়েছে। প্রাপ্ত তথ্যানুযায়ী, নয়টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে হিসাববিজ্ঞান (কোড-১৪৬) পরীক্ষায় মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ১ লাখ ৭৯ হাজার ২৫৫ জন। এর মধ্যে পরীক্ষায় অংশ নিয়েছে ১ লাখ ৭৬ হাজার ৯৬৫ জন। অনুপস্থিত ছিল ২ হাজার ২৯০ জন শিক্ষার্থী, যা শতাংশের হিসেবে ১ দশমিক ২৮ শতাংশ। এর মধ্যে ঢাকা বোর্ডে অনুপস্থিতির হার ছিল ১ দশমিক ৩২ শতাংশ। নয়টি সাধারণ বোর্ডের মধ্যে বরিশাল বোর্ডে সর্বোচ্চ ১ দশমিা ৭১ শতাংশ এবং সিলেট বোর্ডে সর্বনিম্ন ০ দশমিক ৮৭ শতাংশ পরীক্ষার্থী অনুপস্থিত ছিলেন। অন্যদিকে মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে ইসলামের ইতিহাস (কোড-১০৯) ও পদার্থবিজ্ঞান (তত্ত্বীয়) (কোড-১৩০) পরীক্ষায় অনুপস্থিতির হার ছিল তুলনামূলক বেশি। এই বোর্ডে ২ লাখ ৫৬ হাজার ৮৮৮ জন পরীক্ষার্থীর মধ্যে অংশগ্রহণ করে ২ লাখ ৪৩ হাজার ২৮৯ জন। অনুপস্থিত ছিল ১৩ হাজার ৫৯৯ জন শিক্ষার্থী অর্থাৎ মোট পরীক্ষার্থীর ৫ দশমিক ২৯ শতাংশ। বোর্ডের হিসাবে, পরীক্ষায় মোট ৫ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে, যার মধ্যে মাদ্রাসা বোর্ডেই বহিষ্কৃত হয়েছেন ৫ জন। তবে রাজশাহী ও কুমিল্লা বোর্ডে ১ জন করে পরীক্ষার্থী বহিষ্কৃত হওয়ার তথ্য পাওয়া গেছে। এছাড়া সামগ্রিকভাবে আজকের পরীক্ষার পরিস্থিতি ‘ভালো’ ছিল বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করেছে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ বৃহস্পতিবার ॥ ১৪ মে ২০২৬ ॥ ৩১ বৈশাখ ১৪৩৩

ইরানে আমিরাতের ‘গোপন হামলা’ মধ্যপ্রাচ্যে বাড়ছে নতুন যুদ্ধের শঙ্কা

কীর্তনখোলা ডেস্ক
ইরানের সঙ্গে চলমান সংঘাতের মধ্যে সংযুক্ত আরব আমিরাত (ইউএই) গোপনে বড় ধরনের হামলা চালিয়েছে বলে খবর প্রকাশ হওয়ার পর উপসাগরীয় অঞ্চলে নতুন করে যুদ্ধ ছড়িয়ে পড়ার আশঙ্কা তৈরি হয়েছে। বিশ্লেষকদের ৩ এর পাতায় দেখুন

সূর্যের বুকে বিস্ফোরণ: প্রলয়ঙ্করী সৌরঝড়ের ঝুঁকিতে বিশ্ব

কীর্তনখোলা ডেস্ক
সূর্যের বুকে শক্তিশালী বিস্ফোরণের পর তৈরি হয়েছে বিশাল এক গহ্বর, আর সেই ঘটনাকে ঘিরেই বাড়ছে বৈশ্বিক উদ্বেগ। পৃথিবীর দিকে ঘুরে আসা সক্রিয় সানস্পট অঞ্চল ‘এআর৪৪৩৬’ ঘিরে মহাকাশ আবহাওয়া বিশেষজ্ঞদের ৩ এর পাতায় দেখুন

ঢাকা-বরিশাল মহাসড়কে ছাত্রদলের বৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধন করেন সিটি কর্পোরেশনের প্রশাসক অ্যাড. বিলকিস জাহাজ আক্তার শিরীন -কীর্তনখোলা

ডিসেম্বরে পরীক্ষায় বসতে নারাজ এসএসসি-এইচএসসি শিক্ষার্থীরা

কীর্তনখোলা ডেস্ক
২০২৭ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষা চলতি বছরের ডিসেম্বরে নেওয়ার পরিকল্পনা করেছে সরকার। এ নিয়ে আলোচনা করতে বিশেষজ্ঞ ও অংশীজনদের সঙ্গে বুধবার (১৩ মে) শিক্ষা মন্ত্রণালয়ে বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে এসএসসি ও এইচএসসি পরীক্ষা ডিসেম্বরে না নেওয়ার পক্ষে মত দিয়েছে সব অংশীজন। বিশেষ করে ডিসেম্বরে এসএসসি পরীক্ষার তীব্র বিরোধিতা করেন পরীক্ষার্থীরা। শিক্ষক-অভিভাবকরাও একই মতামত দিয়েছেন। শিক্ষক-শিক্ষার্থী, অভিভাবক ও বিশেষজ্ঞরা ২০২৭ সালের এসএসসি পরীক্ষা জানুয়ারিতে ও এইচএসসি পরীক্ষা এপ্রিলে নেওয়ার পক্ষে মত দিয়েছেন। ধীরে ধীরে এ দুটি পাবলিক পরীক্ষা ডিসেম্বরে আনা যেতে ৩ এর পাতায় দেখুন

বরিশালে বিশ্ব অটিজম সচেতনতা দিবস পালিত

কীর্তনখোলা রিপোর্ট
অটিজম কোন সীমাবদ্ধতা নয়, প্রতিটি জীবন মূল্যবান’ এ প্রতিপাদ্যে বরিশালে ১৯তম বিশ্ব অটিজম সচেতনতা দিবস পালন করা হয়েছে। দিবসটি উপলক্ষে বুধবার বেলা ১১টায় বরিশাল জেলা সমাজসেবা কার্যালয়ের কমপ্লেক্স ভবনের সম্মেলনকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। বরিশাল বিভাগীয় সমাজসেবা কার্যালয়ের পরিচালক শাহ মো. রফিকুল ইসলাম এ সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। প্রধান অতিথি বলেন, বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের অবহেলা না করে পরম যত্নে গড়ে তুললে তাদের সুপ্ত প্রতিভার বিকাশ ঘটে। অনেক চাহিদাসম্পন্ন শিশু এখন নিজের দৈনন্দিন ৩ এর পাতায় দেখুন

অতিরিক্ত লবণ খাওয়ায় দেশে বছরে প্রায় ২৪ হাজার মানুষের মৃত্যু

কীর্তনখোলা ডেস্ক
বাংলাদেশে ‘অতিরিক্ত লবণ খাওয়া’ বর্তমানে একটি গুরুতর জনস্বাস্থ্য ঝুঁকিতে পরিণত হয়েছে। দেশে একজন প্রাপ্তবয়স্ক মানুষ দৈনিক গড়ে প্রায় ৯ গ্রাম লবণ নেন, যা বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) সুপারিশকৃত মাত্রার প্রায় দ্বিগুণ। এর ফলে উচ্চ রক্তচাপ, হৃদরোগ, স্ট্রোক, কিডনি রোগসহ বিভিন্ন অসংক্রামক রোগের ঝুঁকি বাড়ছে এবং প্রতি বছর প্রায় ২৪ হাজার মানুষের মৃত্যু ঘটছে। বুধবার (১৩ মে) বিশ্ব লবণ সচেতনতা সপ্তাহ ২০২৬ উপলক্ষ্যে ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন হাসপাতাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউটের কারিগরি সহায়তায় এবং বাংলাদেশ নিরাপদ খাদ্য ৩ এর পাতায় দেখুন

পবিপ্রবিতে হামলার প্রতিবাদে লাগাতার কর্মবিরতি

দুমকি প্রতিনিধি

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (পবিপ্রবি) উপাচার্য বিরোধী আন্দোলনে শিক্ষক-কর্মকর্তাদের ওপর বহিরাগতদের হামলার প্রতিবাদে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের লাগাতার কর্মবিরতি তৃতীয় দিনের মতো অব্যাহত রয়েছে। বুধবার (১৩ মে) বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে শান্তিপূর্ণ অবস্থান কর্মসূচি পালন করেন আন্দোলনকারীরা। আন্দোলনরত শিক্ষক ও কর্মকর্তারা জানান, বহিরাগতদের হামলা ও শিক্ষক লাঞ্ছনার ঘটনার সুষ্ঠু বিচার এবং নিরাপদ ক্যাম্পাস নিশ্চিত না হওয়া পর্যন্ত তাদের কর্মসূচি চলবে। এ সময় তারা হামলাকারীদের দ্রুত শনাক্ত করে আইনগত ব্যবস্থা নেওয়ার দাবি জানান। ৩ এর পাতায় দেখুন

ঘুষ নেয়ায় আগৈলঝাড়া থানার এসআই মনির ক্লোজ

আগৈলঝাড়া প্রতিনিধি
বরিশালের আগৈলঝাড়ায় মাদক ব্যবসায়ীর তিন সহযোগীকে অর্থের বিনিময়ে ছেড়ে দেওয়ার ঘটনায় এসআই মনির হোসেনকে ক্লোজ করে বরিশাল পুলিশ লাইনে নেওয়া হয়েছে। এঘটনার সত্যতা স্বীকার করেছেন আগৈলঝাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোহাম্মাদ মাসুদ খান। স্থানীয় একাধিক সূত্রে জানা গেছে, উপজেলার রত্নপুর ইউনিয়নের আস্কর গ্রামের রিন্টু মোল্লার ছেলে মাদক ব্যবসায়ী শিবলী আহম্মেদ সহ তার তিন সহযোগী নাইম মোল্লা, সাব্বির শাহ ও জিহাদ সরদারকে শনিবার (৯ মে) রাতে বারপাইকা স্টীল ব্রীজের উপর থেকে ধাওয়া করে দুইপিচ ইয়াবাসহ গ্রেফতার করে ৩ এর পাতায় দেখুন

ধান কেটে কৃষকের পাশে ছাত্রদল

পিরোজপুর প্রতিনিধি
পিরোজপুরের কদমতলা ইউনিয়নে টানা বৃষ্টি ও মাঠে পানি জমে যাওয়ায় পাকা ধান কাটতে হিমশিম খাচ্ছেন কৃষকরা। একই সঙ্গে চলছে শ্রমিক সংকট। এমন পরিস্থিতিতে কৃষকদের সহায়তায় ধান কাটা কর্মসূচি পালন করেছে ইউনিয়ন ছাত্রদল। বুধবার (১৩ মে) সকালে ইউনিয়ন ছাত্রদলের সভাপতি হাসিব শেখ ও সাধারণ সম্পাদক নাজিম আহমেদ খানের নেতৃত্বে নেতাকর্মীরা কৃষকদের ধান কেটে দেন। সহযোগিতা পেয়ে স্থানীয় কৃষকরা সন্তোষ প্রকাশ করেন ও ছাত্রদলের এ মানবিক উদ্যোগকে সাধুবাদ জানান। স্থানীয় কৃষক রফিক উদ্দিন বলেন, বেশ কয়েকদিন ধরে ধান কাটা নিয়ে দুশ্চিন্তায় ছিলাম। কিন্তু বুধবার সকালে ছাত্রদলের কয়েকজন এসে ধান কাটায় সহযোগিতা করেছে। আমাদের কাছে বিষয়টা অনেক ভালো লেগেছে। ধান কেটে সহযোগিতা করার মানসিকতার ৩ এর পাতায় দেখুন

লালমোহনে গাঁজা ও গাঁজা গাছসহ আটক ৩

লালমোহন প্রতিনিধি
ভোলার লালমোহনে অভিযান চালিয়ে ৫০ গ্রাম গাঁজা ও একটি গাঁজা গাছ উদ্ধার করেছে পুলিশ। এ ঘটনায় তিনজনকে গ্রেপ্তার করা হয়েছে। মঙ্গলবার (১২ মে) রাত ৮টা ৪০ মিনিটের দিকে লালমোহন পৌরসভার ৩ নম্বর ওয়ার্ডের আবু খলিফার বাড়িতে এ অভিযান পরিচালনা করা হয়। পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে লালমোহন থানার এসআই (নি.) মো. সুজন ফকির সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালান। এসময় আসামিদের বসতবাড়ির বাগান থেকে প্রায় ৬ ফুট লম্বা একটি গাঁজা গাছ উদ্ধার করা হয়। পাশাপাশি তাদের কাছ থেকে ৫০ গ্রাম গাঁজা জব্দ করা হয়। গ্রেপ্তাররা হলেন মো. শরীফ (৩৫), তার মা কুসুম বেগম (৫২), উভয়ের বাড়ি লালমোহন ৩ এর পাতায় দেখুন

বিয়ের নামে প্রতারণা, আইনজীবীর বিরুদ্ধে তরুণীর ধর্ষণ মামলা

কীর্তনখোলা রিপোর্ট
বিয়ের নামে প্রতারণা করে শারীরিক সম্পর্ক গড়ে তোলার অভিযোগে আইনজীবীর বিরুদ্ধে ধর্ষণ মামলা করেছেন এক তরুণী। বরিশালের নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে মামলা করেন ওই তরুণী। ট্রাইব্যুনালের বিচারক মোহা. রকিবুল ইসলাম অভিযোগ তদন্ত করে প্রতিবেদন জমা দেওয়ার জন্য জেলা আইনজীবী সমিতির সভাপতিকে নির্দেশ দিয়েছেন। নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বেঞ্চ সহকারী আজিবর রহমান বিষয়টি নিশ্চিত করেছেন। আইনজীবী তৌহিদুর রহমান সোহেল বরিশাল জেলা ৩ এর পাতায় দেখুন

আইজিপি ব্যাজ পেলেন পিরোজপুরের পুলিশ সুপার ও অতিরিক্ত পুলিশ সুপার

পিরোজপুর প্রতিনিধি
আইজিপি ব্যাজ পেলেন পিরোজপুরের পুলিশ সুপার ও অতিরিক্ত পুলিশ সুপার আইন-শৃঙ্খলা রক্ষা, অপরাধ নিয়ন্ত্রণ এবং জননিরাপত্তা নিশ্চিতকরণে গুরুত্বপূর্ণ অবদান রাখায় “পুলিশ ফোর্স এক্সেমপ্লারি গুড সার্ভিস ব্যাজ-২০২৫ (আইজিপি ব্যাজ)” অর্জন করেছেন পিরোজপুর জেলার পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকী এবং অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) নারসিন জাহান। সম্প্রতি রাজধানীর রাজারবাগ পুলিশ লাইন্স প্যারেড গ্রাউন্ডে বাংলাদেশ পুলিশের আয়োজনে অনুষ্ঠিত এক অনুষ্ঠানে ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ (আইজিপি) মো. আলী হোসেন ফকির আনুষ্ঠানিকভাবে তাদের বুকে এ সম্মানজনক ব্যাজ পরিয়ে দেন। জেলা পুলিশ সূত্রে জানা যায়, পিরোজপুরে দায়িত্ব পালনের সময় পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকী জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নয়ন, মাদকবিরোধী অভিযান জোরদার এবং সাধারণ মানুষের নিরাপত্তা নিশ্চিত করতে নানা ৩ এর পাতায় দেখুন

নগর প্রশাসকের সাথে সিটি কলেজ শিক্ষকদের সৌজন্য সাক্ষাৎ

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল সিটি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোহাম্মদ আবদুল জব্বার এর নেতৃত্বে শিক্ষক মন্ডলী বরিশাল সিটি কর্পোরেশনের প্রশাসক অ্যাডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীন এর সাথে সৌজন্য সাক্ষাত করেছেন। এ সময় কলেজ পরিবারের পক্ষ থেকে প্রশাসককে ফুলেল শুভেচ্ছা জানানো হয়। সৌহার্দ্যপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত এ সাক্ষাতে কলেজের সার্বিক শিক্ষা কার্যক্রম, শিক্ষার মানোন্নয়ন এবং নগরীর শিক্ষা উন্নয়নে বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। শিক্ষকরা প্রশাসক মহোদয়ের সফলতা ও দায়িত্ব পালনে শুভকামনা জানান। উল্লেখ্য, বর্তমান সিটি প্রশাসক বিলকিস ৩ এর পাতায় দেখুন

আমতলীতে পল্লী উন্নয়ন বোর্ডের বার্ষিক সাধারণ সভা

আমতলী প্রতিনিধি
বরগুনার আমতলী উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিমিটেডের উদ্যোগে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার (১৩ মে) বেলা ১১টায় উপজেলা পরিষদের হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়। বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের আমতলী উপজেলা চেয়ারম্যান মো. মঈনুদ্দিন মামুনের সভাপতিত্বে এবং উপজেলা পল্লী উন্নয়ন বোর্ডের কর্মকর্তা মো. ফিরোজ আলমের সঞ্চালনায় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মুহাম্মদ জাফর আরিফ চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ মো. রাসেল, উপজেলা বিএনপির সাবেক সভাপতি মো. জালাল উদ্দিন ফকির ৩ এর পাতায় দেখুন

গৌরনদীতে নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা কমিটির সভা

গৌরনদী প্রতিনিধি
গৌরনদী উপজেলা প্রশাসন ও নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ বরিশাল জেলা কমিটির যৌথ উদ্যোগে নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা কমিটির সভা গতকাল গৌরনদী উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হয়। গৌরনদী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মোঃ মেহেদী হাসানের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন গৌরনদী মডেল থানার অফিসার ইনচার্জ তারিক হাসান রাসেল, বীর মুক্তিযোদ্ধা ও উপজেলা বিএনপির আহ্বায়ক সৈয়দ সরোয়ার আলম বিপ্লব, গৌরনদী প্রেসক্লাবের সভাপতি, গৌরনদী পৌর নাগরিক কমিটির সভাপতি সিনিয়র সাংবাদিক জহুরুল ইসলাম জহির, গৌরনদী উপজেলা কৃষি কর্মকর্তা মোঃ সেকেন্দার আরী শেখ, গৌরনদী ৩ এর পাতায় দেখুন

জামায়াত নেতা মাওলানা মুশফিকুর রহমানের দাফন সম্পন্ন

খবর বিজ্ঞপ্তি
বাংলাদেশ জামায়াতে ইসলামী বরিশাল মহানগরীর ৭নং ওয়ার্ডের ওলামা বিভাগের সদস্য মাওলানা মুশফিকুর রহমান প্রায় দুই সপ্তাহ যাবত কিডনি ও লীভারের রোগে আক্রান্ত হয়ে অসুস্থ ছিলেন। মঙ্গলবার (১২ই মে) ঢাকা ইবনে সিনা হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় রাত ১:৩০ মিনিটে ৩৩ বছর বয়সে তিনি ইন্তেকাল করেন, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। মৃত্যুকালে তিনি তার স্ত্রী, এক ছেলে ও এক মেয়েসহ অসংখ্য আত্মীয়-স্বজন ও শুভাকাঙ্ক্ষী রেখে গেছেন। বুধবার (১৩ই মে) বিকাল ৫:৩০ মিনিটের সময় (বাদ আছর) ৭নং ওয়ার্ডের পান্থ সড়ক, সুরাইয়া মসজিদ প্রাঙ্গণে মরহুমের জানাজার নামাজ অনুষ্ঠিত হয় এবং ২৫নং ওয়ার্ড রূপাতলী বাস্ট্যাণ্ডের পশ্চিম পাশে পারিবারিক কবরস্থানে তাকে ৩ এর পাতায় দেখুন

বাউফলে সাপের কামড়ে প্রাণ গেলো শিশুর

বাউফল প্রতিনিধি
পটুয়াখালীর বাউফলে সাপের কামড়ে মো. ফাইজুল (৭) নামে প্রথম শ্রেণির এক শিক্ষার্থীর মৃত্যু হয়েছে। মঙ্গলবার বিকেলে উপজেলার কনকদিয়া ইউনিয়নের উত্তর কনকদিয়া গ্রামে এ ঘটনা ঘটে। নিহত ফাইজুল উত্তর কনকদিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রথম শ্রেণির ছাত্র। সে ওই গ্রামে হাওলাদার বাড়ির বাসিন্দা ফরিদ হাওলাদারের ছোট ছেলে। পরিবার ও স্থানীয় সূত্রে জানা যায়, বিকেল সাড়ে ৪টার দিকে বাড়ির উঠানের একটি পেয়ারা গাছে ওঠে ফাইজুল। এ সময় হঠাৎ একটি বিষধর সাপ তার ডান হাতে কামড় দেয়। প্রথমদিকে পরিবারের সদস্যরা ধারনা করেন, হয়তো কোনো পোকামাকড় কামড়েছে। বিষয়টি গুরুত্ব না দেয়ায় ৩ এর পাতায় দেখুন

বরিশাল নগরীর সদর রোডসহ ৮টি সড়কে ব্যাটারি চালিত রিকশা বন্ধের দাবীতে প্যাডেল চালিত রিকশা চালকদের অবস্থান কর্মসূচি -কীর্তনখোলা

ভুল চিকিৎসায় দুই নারীর মৃত্যু: তদন্ত কমিটি গঠন

মঠবাড়িয়া প্রতিনিধি
পিরোজপুরের মঠবাড়িয়ায় সম্প্রতি ক্লিনিকে চিকিৎসাধীন অবস্থায় দুই নারীর মৃত্যুর ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছে উপজেলা স্বাস্থ্য বিভাগ। এ ঘটনার প্রকৃত কারণ উদঘাটনে তিন সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বুধবার (১৩ মে) দুপুরে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সম্মেলন কক্ষে রাজনৈতিক নেতা, সাংবাদিক ও ক্লিনিক মালিকদের সাথে আয়োজিত এক জরুরি মতবিনিময় সভায় এই ঘোষণা দেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com